দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 39 ■ Issue No. 2 ■ 10th January, 2026 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

ভেতরের পাতায়

ভারত ইলেক্ট্রনিক্সে ৫১ ট্রেনি ইঞ্জিনিয়ার

- রেলের গ্রুপ 'ডি' পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
- স্কুল সার্ভিসের গ্রুপ 'ডি' পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
- নানান চাকরির পরীক্ষার জিজ্ঞাসার উত্তর

# রাজ্য পুলিশে ১০ হাজার কনস্টেবলের বিজ্ঞপ্তি শিগগিরই

## WBP কনস্টেবল মাঠ পরীক্ষা শুরু, KP কনস্টেবলের ফল এমাসেই




**নিজস্ব প্রতিনিধি, কলকাতা :** পশ্চিমবঙ্গ পুলিশ ও কলকাতা পুলিশের কনস্টেবল পদের নিয়োগ প্রক্রিয়া চলছে। নবান্ন সূত্রে খবর, পশ্চিমবঙ্গ পুলিশে আরো প্রায় ১০ হাজার কনস্টেবল পদে ছেলেমেয়ে নেওয়া হতে পারে। সবকিছু ঠিক থাকলে মার্চ মাস থেকে কনস্টেবল পদে দরখাস্ত নেওয়া শুরু হবে। মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-১-২০২৬'এর হিসাবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, রূপান্তরকামীরা ৩ বছর, সিভিক ভলান্টিয়ার /ভিলেজ পুলিশ ভলান্টিয়াররা ৫ বছর আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। এন.ভি.এফ. বা, হোম

এরপর ১২ পাতায়

ICE Academy
WBCS-2024/25 কোর্স
SSC, RAIL, WBPSC
স্কুল সার্ভিস গ্রুপ C/D
YouTube-এ ফ্রী ক্লাস
বালিগঞ্জ কেন্দ্র : ভর্তি চলছে
9804412898
7044517509

# প্রাইমারির বাংলা মাধ্যমের ইন্টারভিউ শুরু ১২ জানুয়ারির পর

**রঞ্জিৎ ঘোষ, কলকাতা :** প্রাইমারি টিচার পদে ইংরিজি মাধ্যমের স্কুলের প্রার্থীদের প্রথম ফেজের ইন্টারভিউ ও অ্যাপ্টিটিউড টেস্ট যথারীতি ৩০ ও ৩১ ডিসেম্বর, প্রাথমিক শিক্ষা পর্ষদের কলকাতার বিধাননগরের আচার্য প্রফুল্লচন্দ্র ভবনে হল। ইংরিজি মাধ্যমের স্কুলে শূন্যপদ ছিল ১৮০টি। ১৩৫ জন প্রার্থী ইন্টারভিউ দিয়েছিলেন। যাঁরা ইন্টারভিউ দিতে পারেননি, তাঁরা প্রাথমিক শিক্ষা পর্ষদের কাছে আবার ইন্টারভিউয়ের জন্য আবেদন জানালে পর্ষদ বিষয়টি ভাবনা চিন্তা করতে পারে বলে খবর। প্রাথমিক শিক্ষা পর্ষদ সূত্রে খবর, এবার বাংলা মাধ্যমের স্কুলের ইন্টারভিউ শুরু হবে

এরপর ১০ পাতায়

Admission Open
Ph.D
Top Indian University থেকে পাশ করুন
- University & Supervisor Short Listing
- Research Proposal & SOP Support
- Entrance Exam & Interview preparation
- Fellowship & Funding assistance
Master Degree Holders Non-NET Candidates also guided
The Admission Guidance
Bally. Howrah : 9038011392

# স্টেট ব্যাঙ্কে ৩২৭ অফিসার

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা :** স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া 'কাস্টমার রিলেশন্স এক্সিকিউটিভ' পদে ৩২৭ জন লোক নিচেছ। কারা কোন পদের জন্য আবেদন করতে পারেন :

**কাস্টমার রিলেশন্স এক্সিকিউটিভ :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। ফিনান্সিয়াল প্রোডাক্ট সংক্রান্ত কাজে অভিজ্ঞতা ও জনসংযোগে দক্ষতা থাকলে অগ্রাধিকার পাবেন। দু'চাকার গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে।

এরপর ৪ পাতায়

# ভারত ইলেক্ট্রনিক্সে ১১৯ চাকরি

**নিজস্ব প্রতিনিধি, নয়া দিল্লি :** ভারত ইলেক্ট্রনিক্স লিমিটেডের গাজিয়াবাদ ইউনিট 'ট্রেনি ইঞ্জিনিয়ার-।' ও 'ট্রেনি অফিসার-।' পদে ১১৯ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**ট্রেনি ইঞ্জিনিয়ার-। :** নেওয়া হবে এইসব ট্রেডে : ইলেক্ট্রনিক্স, মেকানিক্যাল, কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রিক্যাল, কেমিক্যাল।

ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, কমিউনিকেশন

এরপর ৫ পাতায়

# রাজ্য কারিগরি দফতরে ১০০ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা :** রাজ্য সরকারের টেকনিক্যাল এডুকেশন, ট্রেনিং ও স্কিল ডেভেলপমেন্ট 'ট্রেড অ্যাপ্রেন্টিস' হিসাবে ১০০ জন লোক নিচ্ছে। সিভিল, ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল, কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। শূন্যপদ : ৫০টি।

আই.টি.আই. থেকে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, টার্নার, ইলেক্ট্রনিক মেকানিক, ফুড প্রসেসিং, সি.ও.পি.এ. ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। শূন্যপদ : ৫০টি।

দুই ক্ষেত্রেই বয়স হতে হবে ১-১-২০২৬'এর হিসাবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তপশিলী,

এরপর ১২ পাতায়

# রেলে ৩১১ ইন্সপেক্টর ও অ্যাসিস্ট্যান্ট

## কোন রেলে ক'টি শূন্যপদ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা :** ভারতীয় রেলের বিভিন্ন ডিভিশন ও জোনে কাজের জন্য সিনিয়র পাবলিসিটি ইন্সপেক্টর, ল্যাব অ্যাসিস্ট্যান্ট, চিফ ল অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র ট্রান্সলেটর (হিন্দি), স্টাফ অ্যান্ড ওয়েলফেয়ার ইন্সপেক্টর, পাব্লিক প্রসিকিউটর, সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (ট্রেনিং) পদে ৩১১ জন ছেলেমেয়ে নিচ্ছে। এই পদের বিজ্ঞপ্তি নং 08/2025. কারা কোন পদের জন্য যোগ্য :

**সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট গ্রেড-। (ট্রেনিং) :** সাইকোলজির দ্বিতীয় শ্রেণির মাস্টার ডিগ্রি কোর্স পাশরা সাইকোলজিক্যাল টেস্টের অ্যাডমিনিস্ট্রেশনের কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা

এরপর ১১ পাতায়

# ১১০ গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার

**নিজস্ব প্রতিনিধি, ভুবনেশ্বর :** কেন্দ্রীয় সরকারি সংস্থা ন্যালকো 'গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার ট্রেনি' হিসাবে ১১০ জন লোক নিচেছ।

মোট অন্তত ৬৫% (তপশিলী ও

এরপর ১০ পাতায়

## কলকাতার ১১৫টি আইটি কোম্পানিতে

# ৯,৩৩২ AI বেসড ওয়েব ডিজাইনার ও গ্রাফিক্স ডিজাইনার

**তারক নাথ দাস, সল্টলেক :** কলকাতার ৭৫টি আইটি ও সফটওয়্যার রিলেটেড সার্ভিসেস কোম্পানিতে ৫,০১২ 'AI বেসড ওয়েব ডিজাইনার' ও ৪,৩২০ 'AI বেসড গ্রাফিক্স ডিজাইনার' ছেলেমেয়ে লাগবে।

পদ : AI বেসড গ্রাফিক্স ডিজাইনার।

এরপর ৪ পাতায়

# ৬৭ ট্রেনি ইঞ্জিনিয়ার

**নিজস্ব প্রতিনিধি, নাগপুর :** কেন্দ্রীয় সরকারের অধীন সংস্থা, ময়েল লিমিটেড 'গ্র্যাজুয়েট ট্রেনি / ম্যানেজমেন্ট ট্রেনি অ্যান্ড ম্যানেজমেন্ট (সার্ভে)' পদে ৬৭ জন লোক নিচ্ছে। কারা কোন ট্রেডের জন্য যোগ্য :


এরপর ৩ পাতায়

# ১৬ সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা :** পশ্চিমবঙ্গ মেডিক্যাল সার্ভিসেস কর্পোরেশন লিমিটেড 'সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল)' ও 'অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল)' পদে ১৬ জন লোক নিচ্ছে। কারা

এরপর ২ পাতায়

গতবারের মতো এবারেও কমন পেতে হলে কিনুন
রেলের গ্রুপ 'ডি'
ও
স্কুল সার্ভিসের Gr.-C & Gr.-D
পদের পরীক্ষায় কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
সাফল্য সাধারণ জ্ঞান
সাফল্য
প্রতিটি মাত্র ৩০০/- টাকা




# উজ্জ্বল ভবিষ্যতের দিশা দেখাতে কাঁথিতে ১৬-১৭ জানুয়ারি বিশাল কেরিয়ার ফেয়ার

**নিজস্ব প্রতিনিধি, কাঁথি :** এবার যাঁরা উচ্চমাধ্যমিক পরীক্ষা দেবেন তাঁরা ভাবছেন কোন বিষয় নিয়ে পড়লে ভালো কেরিয়ার তৈরি করা যাবে, অথবা চাকরির চাহিদা অনুযায়ী কোন প্রফেশনাল কোর্স পড়ে ভালো মাইনের চাকরি পাওয়া যায়। এছাড়া, কোথায় কোথায় ইঞ্জিনিয়ারিং বা, ডাক্তারি কোর্স পড়ানো হয় কিংবা পেশাদার কোর্স যেমন, প্যারা মেডিক্যাল কোর্স, নার্সিং, হোটেল ও হসপিটাল ম্যানেজমেন্ট কোর্স, হসপিটালিটি ম্যানেজমেন্ট, আই.টি.আই, ডিপ্লোমা, বি.বি.এ., বি.সি.এ., হসপিটাল ম্যানেজমেন্ট, অ্যাভিয়েশন, অ্যানিমেশন, কোডিং, ওয়েব ডিজাইনিং, সফটওয়্যার টেস্টিং, ডিজিটাল মার্কেটিং,

এরপর ২ পাতায়

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmail.com

## স্কুল-কলেজ-শিক্ষা

**NIOS রবীন্দ্র BOSSE**
মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, B.Sc, MA, D.Pharm-সহ যেকোনো ডিগ্রি করুন। শেওড়াফুলি - 7003156422.
R

**প্যারামেডিকেল ও নার্সিং**
ECG, DPT (ফিজিওথেরাপি), CMS&ED (এলোপ্যাথি), DHMH (হোমিও), DMLT (প্যাথলজি), DOTT (অপারেশন) ও ANM (নার্সিং) কোর্সে ভর্তি চলছে। ক্লাস শনি ও রবিবার। ভর্তির শেষ তারিখ 11/01/2026 ক্যারিয়ার একাডেমি অফ মেডিক্যাল সায়েন্স (30 বছরের বিশ্বস্ত প্যারামেডিকেল কলেজ)। গড়িয়া স্টেশন রোড, ছোট বটতলা, কলি-84. 45A বাসস্ট্যান্ডের বিপরীতে। 7439213900 / 8272911322
D

## স্কুল-কলেজ-শিক্ষা

ভর্তি চলছে (JAN '26 TO DEC 26, (SATURDAY) সেশন
**বঙ্গীয় বিজ্ঞান পরিষদ**
ডিপ্লোমা ইন ফিজিওথেরাপী অ্যান্ড যোগথেরাপী (১ বছর, যোগ্যতা মাধ্যমিক) যোগাযোগ : কর্মসচিব, পি-২৩, রাজা রাজকৃষ্ণ স্ট্রীট, কল-৬, মোঃ 9163927421, 6291648608
SH

NSDC & BSS অনুমোদিত ফিজিওথেরাপি, Optometry, প্যাথোলজি (DMLT), X-RAY কোর্সে ভর্তি চলছে। CBMC 32, সূর্য সেন স্ট্রীট, কলি-9, (M)-7980637213
CM

**প্যারামেডিক্যাল কোর্স**
DMLT (প্যাথোলজি)/DOT, DPT (ফিজিওথেরাপি), ECG, GDA (নার্সিং), Blood Collector (Phlebetomy) কোর্সে ভর্তি চলছে। প্লেসমেন্ট অ্যাসিস্ট্যান্স। School of Medical Technology 24, G.C. Bose Rd., এন্টালি, কোল-14.
মৌলালী - 9231520480

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## কর্মখালি

**URGENT VACANCY**
কলকাতা মেট্রোরেলে বিভিন্ন পদে স্থায়ী কাজ। M/F উভয়েই আবেদনযোগ্য। মাধ্যমিক-স্নাতক। বেতন : 18,000–49,000. থাকা ও খাওয়ার সুব্যবস্থা-সহ PF, ESI, ছুটি ও বোনাস। M : 8101695382
SA(A)

**STAFF REQUIRED**
1. Admission Manager (4), 2. Teacher (Bio, Phy, Chem, Math, Eng (8), 3. Digital Marketing Exe. (2), 4. Tele Caller (5) 5. Marketing Exe. (7). Salary : 10K–30K (As per Experience) Liberty Foundation, Barrackpur, M: 9836498218, 7439388392
R

**সরাসরি ৭ দিনে জয়েনিং**
গভঃ রেজি নং 254/01, বেতন : 17,900–39,500. উত্তরবঙ্গ-সহ 23 জেলায় ক্লার্ক, SV ইনচার্জ, ASV ম্যানেজার, পিওন, ব্যাঙ্ক (DSA) ATM, টাওয়ার গার্ড, EX-আর্মি গানম্যান, মেট্রো, এয়ারপোর্ট, বন্দরে, জাহাজে কন্ট্রাক্টরের অধীনে M/F 131 চাই, (আদিবাসীদের ছাড়) সমস্ত সুবিধা এবং নিজ জেলায় পোস্টিং। G.C.A বারাসাত, এজেন্ট স্বাগত। 9062586892 / 8013607954
SP

## কর্মখালি

**AXIS BANK (DSA)-তে**
নতুন বছরে শুরুতেই প্রচুর M/F নিয়োগ। যোগ্যতা (SF-উর্ধ্বে), বেতন (22K-52K) + ইনসেনটিভ + TA, ST, SC-দের বিশেষ সুবিধা। বিশদ জানতে : 7364051924
SP

**EAST–WEST**
মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে অফিসিয়াল পদে সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা : H.S.–স্নাতক ও উর্ধ্বে। বেতন : (21700–69900). M : 9051263229
SA(A)

বন্ধন ব্যাঙ্ক DSA-তে নিজের জেলায় আর্জেন্ট জব। বেতন : 28,000/—76,000/-,+PF, ESI,+বোনাস, মোট আসন-358, যোগ্যতা : অষ্টম-স্নাতক M/F চাই। এক্স আর্মিদের বিশেষ সুবিধা আছে। M : 7449848494
SA

## কর্মখালি

**AIRPORT JOB**
এয়ারপোর্টে কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন অফিসিয়াল ও লেবার পদে সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা : MP–স্নাতক ও উর্ধ্বে। বেতন : (21700/- –69900/-), বয়স : (18–45), যোগাযোগ - M : 8282044522
SA(A)

WBSEDCL—এ কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন সরকারি পোস্টে নিজ জেলায় M/F নিয়োগ। যোগ্যতা : ৮ম-স্নাতক ও উর্ধ্বে। বেতন : 22300/- – 68,900/- H.R : 7872613162
SA(A)

**Blue Airways**
গ্রাউন্ডস্টাফ, ট্রলিবয়, হাউসকিপিং, রিসেপশনিস্ট, Peon, Checking, ব্যাক অফিস পুরুষ/মহিলা চাই। বেতন : 18K–56K. PF, ESI, OT. যোগাযোগ M : 9088300956
SP

## কর্মখালি

**WBSEDCL (বিদ্যুৎ)**
কন্ট্রাক্টরের অধীনে প্রতি শহরে ও গ্রামে পঃবঙ্গের সব ক'টি জেলায় লোক নিয়োগ। ST/SC-দের বিশেষ অগ্রাধিকার। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন : (23000–70000) OT-সহ অন্যান্য সুবিধা। 9163375496
SP

**URGENT VACANCY**
কোলকাতা মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে স্থায়ী পদে সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা : HS – স্নাতক ও উর্ধ্বে। বেতন : (21,700 –68,900) । M : 8282037663
SA(A)

**কর্মসংস্থান**
শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆ : 7890135514

## চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফি-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**

## বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, **কর্মসংস্থান**

**কল্যাণী এইমস'এর পাশে গড়ে উঠেছে সরকার স্বীকৃত সেরা নার্সিং কলেজ**

**SANJOY MEMORIAL ACADEMY OF NURSING AND RESEARCH**
WBNC & WBUHS স্বীকৃত




**Courses Offered**
**B.Sc নার্সিং** 60 Seats (4 Years)
**GNM নার্সিং** 60 Seats (3 Years)
Admission Open for Current Academic Session
যে কোনো বয়সের মেয়েরাই আবেদন করতে পারেন।

**সবচেয়ে কম খরচে পড়ার সুযোগ**
● হস্টেলের সুবিধা আছে। তবে তা আবশ্যিক নয়। বাড়ি থেকেও যাতায়াত করতে পারবেন। এই সুযোগ অনেক কলেজেই পাবেন না।
স্টুডেন্ট ক্রেডিট কার্ডের মাধ্যমে লোনের সুবিধা আছে।

যোগাযোগ : Gate No. 7 (Near AIIMS, Kalyani) Ballindi, Haringhata, Jaguli, Kalyani - 741246
**Ph. : 9903205182, 8017656252**
N.B : MBS Multi-Speciality Hospital (107 Bed) coming soon in this year

## ১৬ সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার

১ পাতার পর

কোন পদের জন্য যোগ্য :

**সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল) :** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। কম্পিউটারে অটো-ক্যাড সংক্রান্ত বিষয়ে জ্ঞান থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তত ৩ বছরের পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ৩৫,৮০০ টাকা। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. এ ক্যাটেগরি ১, ও.বি.সি. - বি ক্যাটেগরি ১, ই.ডব্লু.এস. ১, প্রতিবন্ধী ১)।

**সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল) :** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। কম্পিউটারে অটো-ক্যাড সংক্রান্ত বিষয়ে জ্ঞান থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তত ৩ বছরের পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ৩৫,৮০০ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ও.বি.সি. - বি ক্যাটেগরি ১)।

**অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল) :** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। কম্পিউটারে অটো-ক্যাড সংক্রান্ত বিষয়ে জ্ঞান থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তত ৩ বছরের পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ৫৬,১০০ টাকা। শূন্যপদ : ৪টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ১)।

সব ক্ষেত্রে বয়স হতে হবে ১-১-২০২৬'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। প্রার্থী বাছাইয়ের জন্য কম্পিউটার বেসড টেস্ট হবে কলকাতায়, ফেব্রুয়ারি মাস নাগাদ। এই পদের বিজ্ঞপ্তি নং : WBMSC/ENGG/2707/22/11923, Dated: 27.12.2025.

দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.wbmsc.gov.in, www.wbhealth.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, কাস্ট সার্টিফিকেট ইত্যাদি স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন পরীক্ষা ফী বাবদ ২১০ টাকা অনলাইনে দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ব্যারাকপুর আর্মি পাব্লিক স্কুলে ৪১ শিক্ষক, ক্লার্ক ও অ্যাটেন্ড্যান্ট

ব্যারাকপুর আর্মি পাব্লিক স্কুল অ্যাকাউন্ট্যান্ট, লোয়ার ডিভিশন ক্লার্ক, সায়েন্স ল্যাব অ্যাটেন্ড্যান্ট, কম্পিউটার ল্যাব টেকনিশিয়ান, ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (ইংরিজি, হিন্দি, ফিজিক্স, ইতিহাস, এডুকেশন), প্রাইমারি টিচার ইত্যাদি পদে ৪১ জন লোক নিচ্ছে।

যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা কম্পিউটারে এম.এস. অফিস ও অ্যাকাউন্টিংয়ের কাজে দক্ষতা থাকলে 'লোয়ার ডিভিশন ক্লার্ক' পদের জন্য যোগ্য। শূন্যপদ : ২টি। সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশরা কম্পিউটারে দক্ষতা থাকলে 'সায়েন্স ল্যাব অ্যাটেন্ড্যান্ট' পদের জন্য যোগ্য। শূন্যপদ : ১টি। অন্যান্য পদের জন্য শিক্ষাগত যোগ্যতা, শূন্যপদ ইত্যাদি ওয়েবসাইটে পাবেন।

দরখাস্ত করার শেষ তারিখ ১৪ জানুয়ারি। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.apsbkp.in

## রাজ্যের গ্রিণ এনার্জিতে লোক নিয়োগ

পশ্চিমবঙ্গ গ্রিণ এনার্জি ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড প্রোজেক্ট কো অর্ডিনেটর, জুনিয়র ম্যানেজার (সিভিল, ইলেক্ট্রিক্যাল, ফিনান্স) পদে ৫ জন লোক নিচ্ছে। দরখাস্ত করার শেষ তারিখ ১৯ জানুয়ারি। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.wbgedcl.in

## কাঁথিতে বিশ[illegible]রিয়ার ফেয়ার

[illegible]

ডেটা অ্যানালিটিক্স, ইউ.আই / ইউ. এক্স ডিজাইন, অ্যাগ্রিকালচার, সফটস্কিল সংক্রান্ত ইত্যাদি কোর্স পড়ানো হয়, এইসব কোর্সের ভবিষ্যতই-বা কেমন ইত্যাদি বিষয় নিয়ে সরাসরি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় ও কলেজ কর্তৃপক্ষর সঙ্গে কথা বলতে 'কেরিয়ার ফেয়ার'এর ব্যবস্থা হয়েছে। সারা দেশে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের চাকরির প্রেক্ষাপট কীভাবে বদলাচ্ছে, কোন-কোন ক্ষেত্রে চাকরির সুযোগ বাড়ছে, আগামী দিনে কোন-কোন চাকরি আপনার উন্নতির সোপান হয়ে উঠবে — আর সেজন্য কীভাবে নিজেকে তৈরি করে নিতে হবে, তার-ই গাইডেন্স পাবেন এই 'কেরিয়ার ফেয়ার' থেকে।

**কর্মসংস্থান** ও **Appointment & Career News**-এর উদ্যোগে ১৬ ও ১৭ জানুয়ারি, শুক্রবার ও শনিবার পূর্ব মেদিনীপুর জেলার কাঁথি শহরের সেন্ট্রাল বাস স্ট্যান্ড সংলগ্ন, অঞ্জলি জুয়েলার্সের পাশে 'দ্য পি কে প্যালেস'এ এই 'কেরিয়ার ফেয়ার' হচ্ছে। উপস্থাপনায় 'সুখবর' দৈনিক পত্রিকা।

২ দিনের এই কেরিয়ার ফেয়ারে বিশেষজ্ঞরা জানাবেন মাধ্যমিক, উচ্চমাধ্যমিক বা ডিগ্রি কোর্স পাশ করার পর কোন কোন সরকারি চাকরির পরীক্ষা দেওয়া যায়, কীভাবে ওইসব পরীক্ষায় সফল হওয়া যায়। পাশাপাশি বাজারের চাহিদা অনুযায়ী কোন কোন পেশাদার বা বৃত্তিমূলক কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়া যায়, কোথায় কীভাবে উজ্জ্বল কেরিয়ার গড়া যায়, কোর্স পড়ার জন্য কীভাবে ব্যাঙ্ক থেকে ঋণ পাবেন — এইসব নানা জরুরি পরামর্শ দিতে থাকছেন নানা শিক্ষা প্রতিষ্ঠান ও সংস্থার প্রধানরা। থাকছে রাজ্য ও দেশের প্রথম সারির ডিগ্রি, ডিপ্লোমা, আই.টি.আই., নার্সিং, প্যারামেডিক্যাল, ফার্মাসিউটিক্যাল, অ্যাগ্রিকালচার-সহ অন্যান্য টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল কলেজ আর সরকারি চাকরির কোচিং ইনস্টিটিউটের আউটলেট। এছাড়াও থাকবে বিভিন্ন পেশাগত কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষার কোচিং কোথায় পড়ানো হয়। বিনা খরচায় এমন সুবর্ণ সুযোগ আর মিলবে না। ২ দিনের এই কেরিয়ার ফেয়ারে যে কেউ আসতে পারেন। কোনো প্রবেশ মূল্য নেই। উপরন্তু থাকছে ফ্রি গিফট ও টিফিনের ব্যবস্থা। এখনই আগাম নাম নথিভুক্ত করার জন্য আর এই কেরিয়ার ফেয়ার নিয়ে বিশদে জানতে ফোন করুন এই নম্বরে : ৬২৯১৬৮৪৯৪৩।

এই কেরিয়ার ফেয়ারে 'কর্মসংস্থান' পত্রিকা, 'সাফল্য' পত্রিকা, 'Appointment & Career News' ও দৈনিক 'সুখবর' পত্রিকার স্টল থাকবে। কেরিয়ার সংক্রান্ত কোনো জিজ্ঞাসা থাকলে সরাসরি আমাদের স্টল থেকে জানতে পারবেন।

রাজ্যের তপশিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত ছাত্রছাত্রীদের জন্য

# পশ্চিমবঙ্গ সরকার

## অনগ্রসর শ্রেণী কল্যাণ ও আদিবাসী উন্নয়ন বিভাগ

### রাজ্যের তপশিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত ছাত্র-ছাত্রীদের যোগ্যশ্রী প্রকল্পে বিনামূল্যে JEE / WBJEE / NEET - 2027 এর কোচিং

একাদশ শ্রেণী (Class XI) বিজ্ঞান বিভাগে পাঠরত ছাত্র-ছাত্রীরা ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

আবেদনকারীর ন্যূনতম যোগ্যতা :

1. মাধ্যমিক / সমতুল পরীক্ষায় অন্তত 60% (SC) / 50% (ST) নম্বর প্রয়োজন। 2. পরিবারের বার্ষিক আয় অনুর্দ্ধ : 3,00,000/- ।

**300 টাকা মাসিক স্টাইপেন্ড দেওয়া হবে।**

জেলাভিত্তিক প্রশিক্ষণ কেন্দ্র

| Sl. No | District | Location | Address | Contact No |
|---|---|---|---|---|
| 1 | 24 Parganas (North) | Bagdah | Helencha High School | 9062508020 |
| 2 | 24 Parganas (North) | Barasat | Noapara Rashbihari Institution For Girls' | 7980491213 |
| 3 | 24 Parganas (North) | Barrackpore | Naihati Narendra Vidyaniketan | 8910194802 |
| 4 | 24 Parganas (North) | Bashirhat | Bhabla Tantra Sir R.N Mukherjee High School | 9547693365 |
| 5 | 24 Parganas (South) | Baruipur | Madarat Popular Academy | 9674461209 |
| 6 | 24 Parganas (South) | Diamond Harbour | Bharat Sevashram Sangha Pranab Vidyapith HS | 9614459239 |
| 7 | 24 Parganas (South) | Canning | Canning David Sassoon High School | 9832589036 |
| 8 | 24 Parganas (South) | Namkhana | Namkhana Narayan Vidyamandir | 9002218385 |
| 9 | Bankura | Bankura Town | Bankura Girls' High School | 8436909827 |
| 10 | Bankura | Khatra | Khatra Girls' High School | 9932441044 |
| 11 | Bankura | Bishnupur | K G Engineering College | 9064983267 |
| 12 | Howrah | Bagnan | Bagnan Girls' High School | 8697803520 |
| 13 | Jhargram | Jhargram | Jhargram Kumud Kumari Institution | 9635238730 |
| 14 | Paschim Bardhaman | Durgapur Town | Durgapur TarakNath High School | 9076903496 |
| 15 | Purba Bardhaman | Kalna | Kalna Maharaja High School | 6295333698 |
| 16 | Purba Bardhaman | Burdwan | Krishnapur High School | 8918943234 |
| 17 | Purba Bardhaman | Katwa | Katwa Kashiram Das Institution | 7602707070 |
| 18 | Pashchim Medinipur | Medinipore Town | Keranitola Shree Shree Mohanananda Vidyamandir | 9832125087 |
| 19 | Pashchim Medinipur | Kharagpur | Kharagpur Traffic High School | 6295997083 |
| 20 | Paschim Medinipur | Sabang | Sabang Saradamoyee High School | 9732208125 |
| 21 | Purba Medinipur | Contai | Contai Kishorenagar Sachindra Siksha Sadan | 8972758235 |
| 22 | Purulia | Manbazar | Manbazar Radhamadhab Institution | 9064916112 |
| 23 | Purulia | Purulia Town | Chittaranjan Boys' School | 7601803873 |
| 24 | Alipurduar | Alipurduar | Alipurduar High School | 8906209845 |
| 25 | Alipurduar | Madarihat | Madarihat High School | 9434179669 |
| 26 | Birbhum | Suri | Birbhum Zilla High School | 9800189265 |
| 27 | Birbhum | Rampurhat | Rampurhat J L Vidyabhaban | 7872781448 |
| 28 | Coochbehar | Coochbehar Town | Maharaja Nripendra Narayan High School | 8597656655 |
| 29 | Cooch Behar | Dinhata | Dinhata Soni Devi Jain High School | 8370840256 |
| 30 | Cooch Behar | Mathabhanga | Mathabhanga High School | 9775141222 |
| 31 | Uttar Dinajpur | Raiganj | Sudarsanpur Dwarika Prasad Uchcha Vidyachakra | 8436510006 |
| 32 | Uttar Dinajpur | Islampur | Islampur Girls' High School | 8535825379 |
| 33 | Dakshin Dinajpur | Balurghat Town | Balurghat High School | 9932923534 |
| 34 | Darjeeling | Siliguri Town | Siliguri Boys' High School | 8918639742 |
| 35 | Darjeeling | Darjeeling Town | Minority Meeting Hall | 9609700422 |
| 36 | Jalpaiguri | Jalpaiguri Town | Ananda Model High School | 8391935711 |
| 37 | Jalpaiguri | Malbazar | Malbazar Adarsha Vidyapith | 9832086741 |
| 38 | Jalpaiguri | Dhupguri | Bairatiguri High School (Hs) | 8436813588 |
| 39 | Kalimpong | Kalimpong | Jubilee School | 8001377249 |
| 40 | Malda | Malda Town | Malda Bibhutibhusan High School | 7797919580 |
| 41 | Malda | Chanchal | Chanchal Sidheswari Institution | 9679641846 |
| 42 | Nadia | Krishnanagar | Krishnagar AV High School | 9614894091 |
| 43 | Nadia | Kalyani | Kalyani University Experimental High School | 9903740075 |
| 44 | Nadia | Ranaghat | Ranaghat Debnath Institution for Girls | 7029321302 |
| 45 | Murshidabad | Jangipur | Jangipur High School | 9002415171 |
| 46 | Murshidabad | Berhampore | Gorabazar Ishwar Chandra Institution | 9433555999 |
| 47 | Kolkata | Jodhpur Park | Jodhpur Park Boys' High School | 6291691563 |
| 48 | Hooghly | Arambag | Sub-Divisional Library, Arambag | 9732768763 |
| 49 | Hooghly | Bandel | Bandel Vidyamandir | 9093254101 |
| 50 | Hooghly | Tarakeshwar | Tarakeswar Girls' Primary School | 9732628739 |

আবেদনপত্র প্রশিক্ষণ কেন্দ্রে পাওয়া যাবে। এছাড়াও https://wbbcdev.webstep.in থেকে Download করা যাবে।
13/01/2026 তারিখের মধ্যে আবেদনপত্র নির্দিষ্ট প্রশিক্ষণ কেন্দ্রে জমা করতে হবে।
অথবা Online এ আবেদন করতে হবে : - https://wbbcdev.webstep.in

Scan to apply online

প্রশিক্ষণ রূপায়ণে ncsm

Head Office:
Beliaghata, Kolkata - 700105
www.ncsm.co.in

বিশদ জানতে যোগাযোগ করুন:
9903740075
9123906966

রাজ্যের জেনারেল, ওবিসি ও মাইনরিটি সম্প্রদায়ভুক্ত ছাত্রছাত্রীদের জন্য

# পশ্চিমবঙ্গ সরকার
## অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগ
### সহযোগিতায় :- স্কুল শিক্ষা বিভাগ এবং সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

## রাজ্যের GENERAL, OBC, MINORITY সম্প্রদায়ভুক্ত ছাত্র-ছাত্রীদের যোগ্যশ্রী প্রকল্পে বিনামূল্যে JEE / WBJEE / NEET - 2027 এর কোচিং

**একাদশ শ্রেণী (Class XI) বিজ্ঞান বিভাগে পাঠরত ছাত্র-ছাত্রীরা ভর্তির জন্য আবেদন করতে পারবেন।**

আবেদনকারীর ন্যূনতম যোগ্যতা :

1. মাধ্যমিক / সমতুল পরীক্ষায় অন্তত 65% (OBC) / 70% (GEN, MINORITY) নম্বর প্রয়োজন। 2. পরিবারের বার্ষিক আয় অনুর্দ্ধ : 3,00,000/- ।

**300 টাকা মাসিক স্টাইপেন্ড দেওয়া হবে।**

জেলাভিত্তিক প্রশিক্ষণ কেন্দ্র

| Sl. No | District | Location | Address | Contact No |
|---|---|---|---|---|
| 1 | 24 Parganas (North) | Barasat | Noapara Rashbehari Institution For Girls' | 7980491213 |
| 2 | 24 Parganas (North) | Barrackpore | Naihati Narendra Vidyaniketan | 8910194802 |
| 3 | 24 Parganas (North) | Bashirhat | Bhabla Tantra Sir R.N. Mukherjee High School | 9547693365 |
| 4 | 24 Parganas (North) | Bongaon | Bongaon High School | 9088596596 |
| 5 | 24 Parganas (North) | Habra | Prafullanagar Vidyamandir (HS), Habra-Prafullanagar | 6291304399 |
| 6 | 24 Parganas (South) | Canning | Canning David Sassoon High School | 9832589036 |
| 7 | 24 Parganas (South) | Diamond Harbour | Bharat Sevashram Sangha Pranab Vidyapith HS | 9614459239 |
| 8 | 24 Parganas (South) | Kakdwip | Sundarban Adarsha Vidyamandir | 9735819042 |
| 9 | 24 Parganas (South) | Baruipur | Madarat Popular Academy | 9674461209 |
| 10 | Bankura | Bankura Town | Bankura Girls' High School | 8436909827 |
| 11 | Bankura | Bankura Town | Bankura Christian Collegiate School | 9851972512 |
| 12 | Bankura | Bishnupur | K G Engineering College | 9064983267 |
| 13 | Bankura | Khatra | Khatra Girls' High School | 9932441044 |
| 14 | Howrah | Bagnan | Bagnan Girls' High School | 8697803520 |
| 15 | Howrah | Howrah Sadar | Jogesh Chandra Girls High School | 8777383953 |
| 16 | Howrah | Uluberia | Nona High School | 8348003442 |
| 17 | Purba Bardhaman | Burdwan | Krishnapur High School | 8918943234 |
| 18 | Purba Bardhaman | Kalna | Kalna Maharaja High School | 6295333698 |
| 19 | Purba Bardhaman | Katwa | Katwa Kashirampur Das Institution | 7602707070 |
| 20 | Pashchim Medinipur | Sabang | Sabang Saradamoyee High School | 9732208125 |
| 21 | Pashchim Medinipur | Medinipur Town | Keranitola Sree Sree Mohanananda Vidyamandir | 9832125087 |
| 22 | Paschim Medinipur | Garhbeta III | Gourav Guin Memorial College | 9563832484 |
| 23 | Paschim Medinipur | Ghatal | Ghatal Vidyasagar High School | 8942990304 |
| 24 | Paschim Medinipur | Kharagpur | Kharagpur Traffic High School | 6295997083 |
| 25 | Purba Medinipur | Contai | Contai Kishorenagar Sachindra Sikshasadan | 8972758235 |
| 26 | Purba Medinipur | Egra | Egra Jhatulal High school | 7044569613 |
| 27 | Purba Medinipur | Haldia | Haldia High School | 7548901755 |
| 28 | Purba Medinipur | Mecheda | Hakola High School | 9674698248 |
| 29 | Purba Medinipur | Nandakumar | Basudevpur Maharaja Nandakumar High school | 8509693593 |
| 30 | Purba Medinipur | Tamluk | Rajkumari Santanamoyee Girls' High School | 9641817766 |
| 31 | Birbhum | Rampurhat | Rampurhat J L Vidyabhaban | 7872781448 |
| 32 | Birbhum | Suri | Birbhum Zilla High School | 9800189265 |
| 33 | Cooch Behar | Cooch Behar Town | Maharaja Nripendra Narayan High School | 8597656655 |
| 34 | Uttar Dinajpur | Raiganj | Sudarsanpur Dwarika Prasad Uchcha Vidyachakra | 8436510006 |
| 35 | Dakshin Dinajpur | Balurghat Town | Balurghat High School | 9932923534 |
| 36 | Darjeeling | Siliguri Town | Siliguri Boys' High School | 8918639742 |
| 37 | Darjeeling | Darjeeling Town | Minority Meeting Hall | 9609700422 |
| 38 | Jalpaiguri | Jalpaiguri Town | Ananda Model High School | 8391935711 |
| 39 | Jhargram | Jhargram | Jhargram Kumud Kumari Institution | 9635238730 |
| 40 | Kalimpong | Kalimpong | Jubilee School | 8001377249 |
| 41 | Malda | Chanchal | Chanchal Sidheswari Instituion | 9679641846 |
| 42 | Malda | Malda Town | Malda Bibhutibhusan High School | 7797919580 |
| 43 | Malda | Malda Town | Sujapur High School (HS) | 9800209191 |
| 44 | Nadia | Chakdaha | Chakdaha Ramlal Academy (HS), Old Building | 7029321302 |
| 45 | Nadia | Kalyani | Kalyani University Experimental High School | 9903740075 |
| 46 | Nadia | Nakashipara | Bethuadahari JCM High School | 9064671765 |
| 47 | Murshidabad | Jangipur | Jangipur High School | 9002415171 |
| 48 | Murshidabad | Berhampore | Gorabazar Iswar Chandra Institution | 9433555999 |
| 49 | Murshidabad | Domkal | Dumkal Bhabataran High School (HS) | 9734809909 |
| 50 | Murshidabad | Kandi | Kandi Raj College | 9002166556 |
| 51 | Murshidabad | Lalbag | Kurmitola High School | 8250321930 |
| 52 | Kolkata | Central Kolkata | Sarat Chandra Sur Institute (HS) | 7908722360 |
| 53 | Kolkata | North Kolkata | B.T Road Govt Sponsored HS School | 9433053039 |
| 54 | Kolkata | South Kolkata | Jodhpur Park Boys' High School | 6291691563 |
| 55 | Hooghly | Arambag | Sub-Divisional Library | 8345835151 |
| 56 | Hooghly | Tarakeshwar | Tarakeshwar Girls' Primary School | 9732628739 |
| 57 | Hooghly | Bandel | Bandel Vidyamandir | 9093254101 |
| 58 | Paschim Bardhaman | Durgapur Town | Durgapur TarakNath High School | 9076903496 |
| 59 | Alipurduar | Alipurduar | Alipurduar High School | 8906209845 |
| 60 | Purulia | Purulia Town | Chittaranjan Boys' High School | 7601803873 |

আবেদনপত্র প্রশিক্ষণ কেন্দ্রে পাওয়া যাবে। এছাড়াও https://wbbcdev.webstep.in থেকে Download করা যাবে।
13/01/2026 তারিখের মধ্যে আবেদনপত্র নির্দিষ্ট প্রশিক্ষণ কেন্দ্রে জমা করতে হবে।
অথবা **Online** এ আবেদন করতে হবে : - **https://wbbcdev.webstep.in**

Scan to apply online

প্রশিক্ষণ রূপায়ণে ncsm

Head Office:
Beliaghata, Kolkata - 700105
www.ncsm.co.in

বিশদ জানতে যোগাযোগ করুন:
9903740075
9123906966

সাম্প্রতিক তথ্যে ভরা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## প্রাইমারি চাকরির

■ *এবছর কি প্রাইমারি 'টেট'এর বিজ্ঞপ্তি বেরোবে? প্রাইমারি 'টেট'এর জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা দরকার? — কাজল বণিক, ঠাকুরনগর, বনগাঁও, উত্তর ২৪ পরগনা। শম্পা ভৌমিক, দত্তপুকুর, উত্তর ২৪ পরগনা।*

■■ মোট অন্তত ৫০% নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা এলিমেন্টারি এডুকেশনের ২ বছরের ডিপ্লোমা (ডি.এল.এড.) / ৪ বছরের বি.এল.এড. কোর্স পাশ হলে / আর.সি.আই. স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ডিপ্লোমা ইন এডুকেশন (স্পেশাল এডুকেশন)'এর কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা এলিমেন্টারি এডুকেশনের ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। 'টিচার্স এলিজিবিলিটি টেস্ট বা, টেট'এ ১৫০ নম্বরের পরীক্ষায় থাকবে এই ৫টি বিষয় : (১) শিশু মনস্তত্ত্ব ও উন্নয়ন-৩০ নম্বর, (২) প্রথম ভাষা (যে মাধ্যমের স্কুলে দরখাস্ত করবেন সেই ভাষা) -৩০ নম্বর, (৩) দ্বিতীয় ভাষা (ইংরিজি) -৩০ নম্বর, (৪) অঙ্ক - ৩০ নম্বর, (৫) - পরিবেশ বিজ্ঞান -৩০ নম্বর। প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং নেই। এই 'টেট'এ ৬০% (তপশিলী, ও.বি.সি., প্রাঃসংকঃ, প্রতিবন্ধী ও এক্সেমটেড ক্যাটেগরি হলে ৫৫%) নম্বর পেলে সফল হবেন।

■ *একবার প্রাইমারি 'টেট' পাশ করলে তার বৈধতা কতদিন থাকে? — পর্ণা মন্ডল, ব্যারাকপুর, উত্তর ২৪ পরগনা। মনিকা দাস, পূর্ব মেদিনীপুর।*

■■ একবার প্রাইমারি 'টেট' পাশ করলে তার বৈধতা সারা জীবন থাকবে।

## স্টাফ সিলেকশনের

■ *স্টাফ সিলেকশন কমিশনের ২০২৫ সালের কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল টায়ার-১ পরীক্ষার ফল কবে বেরোবে? — সুনীতা তরফদার, করিমপুর, নদিয়া।*

■■ ২০২৫ সালের কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেলের টায়ার-১'এর যে পরীক্ষা ১২ নভেম্বর থেকে ৩০ নভেম্বর হয়েছিল, তার অ্যানসার কী বের করেছে স্টাফ সিলেকশন কমিশন। ফল শিগগিরই বেরোবে।

## রেলে চাকরির

■ *রেলের আর.পি.এফ.'এর বিজ্ঞপ্তি কবে বেরোবে? উচ্চতা কত থাকতে হবে? — অলোকরবি দাস, মুস্কিপুর, দক্ষিণ দিনাজপুর।*

■■ রেলের আর.পি.এফ. কনস্টেবল পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে — ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৬৫ সেমি., বুকের ছাতি না-ফুলিয়ে অন্তত ৮০ সেমি. আর ফুলিয়ে ৮৫ সেমি। তপশিলীরা লম্বায় ৫ সেমি., বুকের ছাতিতে ৩.৮ সেমি ছাড় পাবেন।

মেয়েদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ (তঃ জাঃ ও তঃউঃজাঃ হলে ১৫২) সেমি। সাব-ইন্সপেক্টর পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে — ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৬৫ (তপশিলী জাতি ও তপশিলী উপজাতি হলে ১৬০) সেমি., বুকের ছাতি না-ফুলিয়ে অন্তত ৮০ সেমি. আর ফুলিয়ে ৮৫ সেমি. ও উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন থাকতে হবে। তপশিলীরা বুকের ছাতি ফুলিয়ে ও না-ফুলিয়ে ৩.৮ সেমি. ছাড় পাবেন। মেয়েদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ (তপশিলী জাতি ও তপশিলী উপজাতি হলে ১৫২) সেমি আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন থাকতে হবে।

■ *রেলে গ্রুপ-ডি পদের জন্য ২০২৬ সালে যে দরখাস্ত নেওয়া হবে, তাতে আই.টি.আই. পাশ কি বাধ্যতামূলক? — নমিতা হালদার, টিটাগড়, উত্তর ২৪ পরগনা।*

■■ না, বাধ্যতামূলক নয়। মাধ্যমিক পাশ কিংবা আই.টি.আই. পাশ হলে যোগ্য।

■ *ডিগ্রি কোর্সের ফাইনাল বর্ষের প্রার্থীরা কি রেলের স্টেশন মাস্টার ও কমার্শিয়াল ক্লার্ক পদে দরখাস্ত করতে পারবে? — দেবরাজ বিশ্বাস, তাহেরপুর, নদিয়া।*

■■ না, পারবেন না।

## পুলিশে চাকরির

■ *নতুন বছরে পুলিশের কনস্টেবল ও সাব-ইন্সপেক্টর পদের যে বিজ্ঞপ্তি বেরোবে বলে শোনা যাচ্ছে, তাতে বয়স ১-১-২০২৫'এর হিসাবে না, ১-১-২০২৬'এর হিসাবে গুণতে হবে? — স্নেহাশীস মিত্র, ৪১৮, জি.টি. রোড, মহেশ, শ্রীরামপুর, হুগলি।*

■■ নতুন বছরে যে বিজ্ঞপ্তি বেরোবে, তাতে বয়স গুণতে হবে ১-১-২০২৬'এর হিসাবে।

■ *পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবল পদের যে পরীক্ষা গত বছর ৩০ নভেম্বর হয়েছিল, তার ফল কি বেরিয়েছে? কাট অফ নম্বর কত হয়েছে? — বিপ্লব মাইতি, ডায়মন্ডহারবার, দক্ষিণ দিনাজপুর।*

■■ পশ্চিমবঙ্গ পুলিশে ২০২৪ সালের কনস্টেবল পদের যে লিখিত পরীক্ষা এবছর ৩০ নভেম্বর হয়েছিল, ফল বেরিয়েছে। সফলদের রোল নম্বরের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.wbpolice.gov.in কাট অফ নম্বর হয়েছে — লিখিত পরীক্ষায় কাট অফ নম্বর হয়েছে ছেলেদের বেলায় — জেনারেল প্রার্থীদের ক্ষেত্রে ৪৮.৫০, জেনারেল (ই.সি., এন.ভি.এফ., হোম গার্ড, প্রাক্তন সমরকর্মী, সি.ভি/ভি.পি.ভি, মেধাবী খেলোয়াড়) ৪২, ই.ডব্লু.এস. ২৮, ই.ডব্লু.এস. (ই.সি.) ২১.৫০, ই.ডব্লু.এস. (তঃজাঃ) ৩৯.২৫, তপশিলী জাতি (ই.সি., এন.ভি.এফ, হোম গার্ড, প্রাঃসংকঃ, সি.ভি / ভি.পি.ভি) ৩২.৭৫, তপশিলী উপজাতি ৩২.৫০, তপশিলী উপজাতি (ই.সি., এন.ভি.এফ, হোম গার্ড, প্রাঃসংকঃ, সি.ভি / ভি.পি.ভি) ২৬, ও.বি.সি.-এ ক্যাটেগরি ৪১.৫০, ও.বি.সি.-এ ক্যাটেগরি (ই.সি., এন.ভি.এফ, হোম গার্ড, প্রাঃসংকঃ, সি.ভি / ভি.পি.ভি) ৩৫, ও.বি.সি.-বি ৪১.২৫, ও.বি.সি.-বি ক্যাটেগরি (ই.সি., এন.ভি.এফ, হোম গার্ড, সি.ভি / ভি.পি.ভি) ৩৪.৭৫। মেয়েদের বেলায় — জেনারেল প্রার্থীদের ক্ষেত্রে ৩৬, জেনারেল (ই.সি., এন.ভি.এফ., হোম গার্ড, প্রাক্তন সমরকর্মী, সি.ভি/ ভি.পি.ভি, মেধাবী খেলোয়াড়) ২৯.৫, ই.ডব্লু.এস. ১২, ই.ডব্লু.এস. (ই.সি.) ১০, ই.ডব্লু.এস. (তঃজাঃ) ২৬.২৫, তপশিলী জাতি (ই.সি., এন.ভি.এফ, হোম গার্ড, প্রাঃসংকঃ, সি.ভি / ভি.পি.ভি) ১৯.৭৫, তপশিলী উপজাতি ২৭.২৫, তপশিলী উপজাতি (ই.সি., এন.ভি.এফ, হোম গার্ড, সি.ভি / ভি.পি.ভি) ২০.৭৫, ও.বি.সি.-এ ক্যাটেগরি ২৪.৭৫, ও.বি.সি.-এ ক্যাটেগরি (ই.সি., এন.ভি.এফ, হোম গার্ড, সি.ভি / ভি.পি.ভি) ১৮.২৫, ও.বি.সি.-বি ২৭, ও.বি.সি.-বি ক্যাটেগরি (ই.সি., এন.ভি.এফ, হোম গার্ড, সি.ভি / ভি.পি.ভি) ২১.২৫।

■ *রাজ্য পুলিশের কনস্টেবল পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি জানাবেন। বিজ্ঞপ্তি কবে বেরোবে? — সৌমেন দাস, আমডাঙ্গা, উত্তর ২৪ পরগনা।*

■■ মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, সিভিক ভলান্টিয়ার / ভিলেজ পুলিশ ভলান্টিয়াররা ৫ বছর আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। ছেলেদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৭ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৮ সেমি ও ফুলিয়ে ৮৩ সেমি। ওজন হতে হবে অন্তত ৫৭ কেজি। তপশিলী উপজাতিদের বেলায় লম্বায় অন্তত ১৬০ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৬ সেমি ও ফুলিয়ে ৮১ সেমি আর ওজন থাকতে হবে অন্তত ৫৩ কেজি। মেয়েদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬০ সেমি। ওজন হতে হবে অন্তত ৪৯ কেজি। তপশিলী উপজাতিদের বেলায় লম্বায় অন্তত ১৫২ সেমি আর ওজন থাকতে হবে অন্তত ৪৫ কেজি। মূল মাইনে : ২২,৭০০-৫৮,৫০০ টাকা। প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড'। মোট ৪টি পর্যায়ের পরীক্ষা হবে। প্রথমে লিখিত পরীক্ষা, শারীরিক মাপজোখের পরীক্ষা (PMT), শারীরিক সক্ষমতার পরীক্ষা (PET) ও ইন্টারভিউ। ৮৫ নম্বরের লিখিত পরীক্ষায় ৮৫টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন থাকবে এইসব বিষয়ে : (ক) জেনারেল অ্যাওয়ারনেস ও জেনারেল নলেজ-২৫ নম্বর, (খ) ইংরিজি-১০ নম্বর, (গ) এলিমেন্টারি ম্যাথমেটিক্স (মাধ্যমিক মানের)-২৫ নম্বর, (ঘ) রিজনিং ও লজিক্যাল অ্যানালাইসিস-২৫ নম্বর। সময় থাকবে ১ ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলা ভাষায়।

শারীরিক সক্ষমতার পরীক্ষা : ছেলেদের বেলায় ৬ মিনিট ৩০ সেকেন্ডে ১,৬০০ মিটার দৌড়তে হবে আর মেয়েদের বেলায় ৪ মিনিটে ৮০০ মিটার দৌড়তে হবে, রূপান্তরকামীদের বেলায় ৩ মিনিট ৩০ সেকেন্ডে ৮০০ মিটার দৌড়তে হবে। দৌড়ে একবারই সুযোগ পাবেন। দৌড়ের সময় রেডিও ফ্রিকোয়েন্সি আইডেনটিফিকেশন ডিভাইসের সাহায্য নেওয়া হবে। ১৫ নম্বরের ইন্টারভিউ হবে।

■ *পশ্চিমবঙ্গ পুলিশের ২০২৪ সালের কনস্টেবল পদের যে ফল বেরিয়েছে, তার মাঠ পরীক্ষা কবে হবে? এবার ভোটের আগেই কি নিয়োগ হয়ে যাবে? — শেখ মাসুদ, কদম্বগাছি, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ মাঠ পরীক্ষা শুরু হচ্ছে ৮ জানুয়ারি থেকে। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : https://prb.wb.gov.in কোন জেলার প্রার্থীদের কবে কোথায় মাঠ পরীক্ষা হবে তা ওয়েবসাইটে পাবেন। মাঠ পরীক্ষা হওয়ার ১ সপ্তাহের মধ্যেই ফল বেরোবে। তারপর ইন্টারভিউ শুরু হবে। পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড দ্রুত নিয়োগ শেষ করতে চায়। ১১,৭৪৯টি শূন্যপদের জন্য ৬০,১৭০ জন প্রার্থীকে মাঠ পরীক্ষার জন্য ডাকা হয়েছে। মোট শূন্যপদের প্রায় ৩ গুণ প্রার্থীকে ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা একনজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| PSC-র মাধ্যমে রাজ্যে ক্লার্ক | মাধ্যমিক পাশ | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে অফিসার | গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মাধ্যমে রাজ্য সরকারে সহ-শিক্ষক | গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| গেইল-এ এক্সিকিউটিভ ট্রেনি | গ্র্যাজুয়েট | - | ১৮-৩-২৬ | https.gailonline.com |
| কলকাতা মেট্রো রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক, ITI | ১২৮ | ২২-১-২৬ | http://mtp.indianrailways.gov.in |
| DSSSB এর মাধ্যমে দিল্লিতে মাল্টি টাস্কিং স্টাফ | মাধ্যমিক | ৭১৪ | ১৫-১-২৬ | https://dsssbonline.nic.in |
| ইন্ডিয়ান অয়েলে অ্যাপ্রেন্টিস | ডিপ্লোমা, ITI | ৫০৯ | ৯-১-২৬ | https://nats.education.gov.in |
| MSC-এর মাধ্যমে পুরসভায় ক্লার্ক, স্টোরকীপার, সার্ভেয়র | মাধ্যমিক, ডিপ্লোমা | ১৬ | ১৭-১-২৬ | www.mscwb.org |
| রেলে গ্রুপ-ডি | আই.টি.আই. ডিপ্লোমা | ২২,০০০ | ২১-১-২৬ ২২-২-২৬ | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |
| কোল ইন্ডিয়ায় ইন্ডাস্ট্রিয়াল ট্রেনি | চার্টার্ড/কস্ট অ্যাকাউন্ট্যান্সি | ১২৫ | ১৫-১-২৬ | www.coalindia.in |
| ইন্ডিয়ান অয়েলে জুনিয়র ইঞ্জিনিয়ারিং অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ৩৭৫ | ৯-১-২৬ | www.iocl.com |
| গার্ডেনরিচে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক, ITI | ২২০ | ১০-১-২৬ | www.grse.in |
| ব্যাঙ্ক অফ ইন্ডিয়ায় অ্যাপ্রেন্টিস | গ্র্যাজুয়েট | ৪০০ | ১০-১-২৬ | www.bankofindia.bank.in |
| ITI Ltd-এ ইয়ং প্রফেশনাল | ITI, ডিপ্লোমা, গ্র্যাজুয়েট | ২০৬ | ১২-১-২৬ | https://www.itiltd.in |
| নৌবাহিনীতে অফিসার | উচ্চমাধ্যমিক | ৪৪ | ১৯-১-২৬ | www.joinindiannavy.gov.in |
| রেলের আইসোলেটেড ক্যাটে. ইন্সপেক্টর, অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ৩১১ | ২৯-১-২৬ | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| PSC-WBCS-2024 প্রিলি পরীক্ষা | ১-৩-২০২৬ | www.wbpsc.gov.in |
| রেলের গ্রুপ-ডি পরীক্ষা | ২৭ নভেম্বর -১৬ জানুয়ারি | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |
| UPSC ইঞ্জিনিয়ারিং সার্ভিস-২৬ পরীক্ষা | ৮ ফেব্রুয়ারি, ২০২৬ | www.upsconline.nic.in |
| CTET-2026 পরীক্ষা | ৮ ফেব্রুয়ারি, ২০২৬ | www.ctet.nic.in |
| স্কুল সার্ভিস গ্রুপ-সি ও গ্রুপ-ডি | ১৮ ও ২৫ জানুয়ারি, ২০২৬ | www.wbpsc.gov.in |
| UPSC-র NDA & NA (I), 2026 পরীক্ষা | ১২ এপ্রিল, ২০২৬ | www.upsconline.nic.in |
| UPSC-র CDS (I), 2026 পরীক্ষা | ১২ এপ্রিল, ২০২৬ | www.upsconline.nic.in |
| CAPFS-র কনস্টেবল (জি.ডি.) 2026 কম্পিউটার বেসড পরীক্ষা | ফেব্রুয়ারি, ২০২৬ থেকে এপ্রিল-২০২৬'এর মধ্যে | https://ssc.gov.in |
| ওরিয়েন্টাল ইনসিওরেন্স-এর অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার পরীক্ষা | ১০ জানুয়ারি, ২০২৬ | www.orientalinsurance.org.in |
| WBP-কনস্টেবল -২৪ মাঠ পরীক্ষা | ৮ জানুয়ারি, ২০২৬ থেকে | www.wbpolice.gov.in |

# স্কুল সার্ভিস গ্রুপ ‘ডি’



স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ-ডি পদে প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ কেন্দ্রীয় স্কুল সার্ভিস কমিশন। প্রার্থী বাছাইয়ের জন্য ৪৫ নম্বরের পরীক্ষা হবে। এর মধ্যে লিখিত পরীক্ষায় থাকবে ৪০ নম্বর, অভিজ্ঞতা / ওরাল ইন্টারভিউয়ে থাকবে ৫ নম্বর। ৪০ নম্বরের লিখিত পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ২০ নম্বর, (২) লজিক্যাল রিজনিং - ১০ নম্বর, (৩) অ্যারিথমেটিক - ১০ নম্বর। প্রশ্ন হবে বাংলায়। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করলেন চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ বিজয় হালদার।

**1.** ভূমিকম্পের তীব্রতা মাপা হয় কোনটি দিয়ে?
(A) ব্যারোমিটার (B) হাইড্রোমিটার (C) পলিগ্রাফ (D) সিসমোগ্রাফ

**2.** পৃথিবীর সবথেকে গভীরতম হ্রদ কোনটি?
(A) লোহিত সাগর (B) ডাল হ্রদ (C) কাস্পিয়ান সাগর (D) বৈকাল হ্রদ

**3.** পর্ণমোচী গাছে কী হয়?
(A) গ্রীষ্মে ফুল ঝরে যায় (B) শীতে পাতা ঝরে যায় (C) শীতে ফুল ঝরে যায় (D) শীতে মরে যায়

**4.** ভারতীয় সংবিধানের মুখ্য স্থপতি কাকে বলা হয়?
(A) বি.এন. রাও (B) ডঃ বি.আর. আম্বেদকর
(C) এন. গোপালস্বামী (D) ডঃ রাজেন্দ্র প্রসাদ

**5.** ‘বিগ-ব্যাং’ থিওরি বিবৃত করে —
(A) ব্রহ্মাণ্ডের সৃষ্টি (B) সূর্যের সৃষ্টি (C) মাধ্যাকর্ষণের সৃষ্টি (D) অনুজীবের সৃষ্টি

**6.** মশার জৈব নিয়ন্ত্রণে কোনটি ব্যবহৃত হয়?
(A) পুঁটি (B) রুই (C) গাম্বুসিয়া (D) বাটা

**7.** নীচের কোনটি মানুষের ক্ষেত্রে প্রযোজ্য নয়?
(A) স্বভোজী (B) সর্বভুক (C) পয়ভোজী (D) মাংসাশী

**8.** কোন স্তন্যপায়ী প্রাণী ডিম পাড়ে?
(A) ডলফিন (B) হংসচঞ্চু (C) তিমি (D) ডুগং

**9.** ‘রাতকানা’ রোগ হয় কোন ভিটামিনের অভাবে?
(A) ভিটামিন D (B) ভিটামিন C (C) ভিটামিন K (D) ভিটামিন A

**10.** নীচের কোন রোগটির কারণ ব্যাকটেরিয়ার সংক্রমণ নয়?
(A) আমাশয় (B) টাইফয়েড (C) কলেরা (D) ডিপথেরিয়া

**11.** কোনটি গ্রিনহাউস গ্যাস নয়?
(A) মিথেন (B) নাইট্রাস অক্সাইড (C) কার্বন-ডাই-অক্সাইড (D) হাইড্রোজেন

**12.** রাজ্য সরকারের মন্ত্রীরা কার কাছে যৌথভাবে দায়বদ্ধ থাকেন?
(A) রাজ্যপাল (B) মুখ্যমন্ত্রী (C) বিধানসভা (D) অধ্যক্ষ

**13.** পশ্চিমবঙ্গের কোন জেলায় ‘বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়’ অবস্থিত?
(A) পুরুলিয়া (B) বাঁকুড়া (C) মুর্শিদাবাদ (D) বীরভূম

**14.** ‘Playing It My Way’ বইটির লেখক কে?
(A) সুনীল গাভাসকর (B) জি.আর. বিশ্বনাথ (C) শচীন তেন্ডুলকর (D) সৌরভ গঙ্গোপাধ্যায়

**15.** মোহনবাগান ক্লাব ব্রিটিশ দলকে কত সালে হারিয়েছিল?
(A) 1901 সালে (B) 1905 সালে (C) 1910 সালে (D) 1911 সালে

**16.** ধ্যানচাঁদ কোন খেলার সঙ্গে যুক্ত ছিলেন?
(A) দৌড় (B) ফুটবল (C) কুস্তি (D) হকি

**17.** ভারতের কোন রাজ্য সরকার ‘গতিধারা’ প্রকল্পটি চালু করেছিল?
(A) ওড়িশা (B) অসম (C) পশ্চিমবঙ্গ (D) মহারাষ্ট্র

**18.** ‘বেঙ্গল কেমিক্যাল’ কে প্রতিষ্ঠা করেন?
(A) নীলরতন সরকার (B) প্রফুল্লচন্দ্র রায়
(C) দ্বারকানাথ ঠাকুর (D) আলামোহন দাস

**19.** টোফু কিসের থেকে তৈরি হয়?
(A) কোকোয়া (B) সয়াবিন দুধের দই (C) দই (D) কফি

**20.** নীচের কোনটি পূর্ণভব শক্তি?
(A) সৌর বিদ্যুৎ (B) তাপ বিদ্যুৎ (C) পারমাণবিক বিদ্যুৎ (D) পেট্রোলিয়াম

**21.** বেমানান শব্দটি চিহ্নিত করুন :
(A) স্ট্রবেরি (B) ব্ল্যাকবেরি (C) গুজবেরি (D) বেরিবেরি

**22.** উদ্যোগ : সফলতা : :
(A) স্বাস্থ্য : ভিটামিন (B) আরোহণ করা : পাহাড় (C) পড়া : জ্ঞান (D) লেখা : পড়া

**23.** মেনিনজাইটিস : মস্তিষ্ক : : সিরোসিস : ?
(A) যকৃৎ (B) ফুসফুস (C) হৃৎপিণ্ড (D) মস্তিষ্ক

**24.** 9 : 82 : : 25 : ?
(A) 621 (B) 576 (C) 626 (D) 627

**25.** FOG : KTL : : RAT : ?
(A) XFY (B) WGY (C) WFY (D) WFX

**26.** নীচের কোনটি একটি নির্দিষ্ট প্রস্তাবনা?
(A) রবি স্কুলে যায় (B) সব মানুষ মরণশীল
(C) কেউ কেউ আনন্দিত (D) মানুষ শক্তিশালী

**27.** “কলকাতা হল ভারতের রাজধানী” — এই প্রস্তাবটি হবে
(A) অনির্দিষ্ট (B) সত্য (C) মিথ্যা (D) সম্ভাব্য

**28.**

| কলাম A (বাক্য) | কলাম B (বাক্যের ধরন) |
|---|---|
| A. সব ফুল সুন্দর। | 1. নির্ধারিত নেতিবাচক |
| B. কিছু পাখি উড়তে পারে। | 2. সর্বজনীন প্রত্যয়োক্তি |
| C. কোনো মাছ স্থলে বাঁচতে পারে না। | 3. নির্ধারিত প্রত্যয়োক্তি |
| D. কিছু ফল পাকা নয়। | 4. সর্বজনীন নেতিবাচক |

(A) A-2, B-3, C-4, D-1 (B) A-3, B-2, C-4, D-1
(C) A-2, B-1, C-3, D-4 (D) A-4, B-3, C-2, D-1

**29.** রামের দিকে তাকিয়ে রমা বলল, “সে হল আমার কাকার মেয়ের ভাই।” রাম, রমার কে হয়?
(A) কাকা (B) খুড়তুতো ভাই (C) মামা (D) মামাতো ভাই

**30.**

| কলাম A (দেশ) | কলাম B (রাজধানী) |
|---|---|
| A. চিন | 1. ইয়েন |
| B. মার্কিন যুক্তরাষ্ট্র | 2. ইউয়ান |
| C. কুয়েত | 3. ডলার |
| D. জাপান | 4. দিনার |

(A) A-2, B-4, C-3, D-2 (B) A-2, B-3, C-1, D-4
(C) A-2, B-3, C-4, D-1 (D) A-3, B-2, C-1, D-4

**31.** একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 15% বাড়লে ও প্রস্থ 15% কমলে, ক্ষেত্রফলের শতকরা পরিবর্তন হবে —
(A) $\frac{3}{2}$ % বৃদ্ধি (B) $2\frac{2}{3}$ % হ্রাস (C) $\frac{4}{9}$ % বৃদ্ধি (D) $2\frac{1}{4}$ % হ্রাস

**32.** 1.7, 0.51 ও 0.153 সংখ্যা তিনটির গ.সা.গু —
(A) 0.17 (B) 1.7 (C) 0.017 (D) 0.0017

**33.** হরি একটি ঘড়ি 10% ক্ষতিতে বিক্রি করল। যদি সে আরও 54 টাকা বেশিতে বিক্রি করত, তবে 8% লাভ হত। ঘড়িটির বিক্রয়মূল্য কত টাকা?
(A) 290 (B) 300 (C) 350 (D) 270

**34.** কোন ক্ষুদ্রতম সংখ্যাকে 5, 6, 7, 8 ও 9 দিয়ে ভাগ করলে যথাক্রমে 4, 5, 6, 7 ও 8 ভাগশেষ থাকবে?
(A) 2519 (B) 5039 (C) 1079 (D) 979

**35.** 500 টাকার ওপর 40% ছাড় ও 500 টাকার ওপর পরপর 36% ও 4% ছাড়ের পার্থক্য হল —
(A) 2 টাকা (B) 7.20 টাকা (C) 5 টাকা (D) 18 টাকা

**36.** একটি অংশীদারী ব্যবসায় A, 1200 টাকা 5 মাসের জন্য ও B, 750 টাকা 4 মাসের জন্য দেয়। যদি ওই ব্যবসায় 450 টাকা লাভ হয়, তবে A ও B-এর প্রাপ্য লাভের অনুপাত কত?
(A) 3 : 2 (B) 5 : 3 (C) 2 : 1 (D) 4 : 3

**37.** একটি 70 মিটার লম্বা ট্রেন ঘণ্টায় 75 কিলোমিটার বেগে 105 মিটার লম্বা একটি ব্রিজ পার হতে কত সেকেন্ড সময় নেবে?
(A) $4\frac{1}{5}$ (B) $8\frac{2}{5}$ (C) $5\frac{2}{3}$ (D) $3\frac{1}{2}$

**38.** 24 জন লোকের একটি পুকুর কাটতে 12 দিন লাগে। তবে কতজন লোক 8 দিনে ওই পুকুর কাটতে পারবে?
(A) 20 জন (B) 40 জন (C) 32 জন (D) 36 জন

**39.** 3 কে কত দিয়ে গুণ করলে (–1) পাওয়া যাবে?
(A) 1 (B) $\frac{1}{3}$ (C) $-\frac{1}{3}$ (D) $-\frac{1}{2}$

**40.** $\sqrt{90+0.09\times 10}$ এর মান কত হবে?
(A) 8100 (B) 100 (C) 1000 (D) 81000

## উত্তর

**1(D). 2(D). 3(B). 4(B). 5(A). 6(C). 7(A). 8(B). 9(D). 10(A). 11(D). 12(C). 13(D). 14(C). 15(D). 16(D). 17(C). 18(B). 19(B). 20(A). 21(D).** বেরিবেরি একটি রোগ, অন্যগুলি ফুল। **22(C). 23(A). 24(C).** $9 = (9)^2 = 81+1 = 82$, $25 = (25)^2 = 625+1 = 626$.

**25(C).**

F O G R A T
+5↓ +5↓ +5↓ +5↓ +5↓ +5↓
K T L W F Y

**26(A).** রবি স্কুলে যায় — এখানে রবি নামটি নির্দিষ্ট একজন ব্যক্তিকে নির্দেশ করে। তাই এটি একটি নির্দিষ্ট প্রস্তাবনা। **27(C). 28(A). 29(B).** রমার কাকার মেয়ে, অর্থাৎ রমার কাকাতো বোন। রমার কাকাতো বোনের ভাই অর্থাৎ রমার খুড়তুতো ভাই। **30(C). 31(D).** মনে করি, আয়তক্ষেত্রের দৈর্ঘ্য x একক ও প্রস্থ Y একক।

তাহলে, আয়তক্ষেত্রের ক্ষেত্রফল হ্রাস পাবে $= (x-y) - \frac{x\times y}{100}\%$

$= (15-15). - \frac{15\times 15}{100}\% = -\frac{225}{100}\% = -2\frac{1}{4}\%$

**32(C).** $1.7 = \frac{17}{10}$, $0.51 = \frac{51}{100}$, $0.153 = \frac{153}{1000}$

তাহলে, $\frac{17}{10}$, $\frac{51}{100}$ ও $\frac{153}{1000}$-এর গ.সা.গু

$= \frac{\text{17, 51 ও 153-এর গ.সা.গু}}{\text{10, 100 ও 1000-এর ল.সা.গু}} = \frac{17}{1000} = 0.017$

**33(D).** মনে করি, ঘড়িটির ক্রয়মূল্য = 100x টাকা।

প্রথম ক্ষেত্রে, ঘড়িটির বিক্রয়মূল্য 10% ক্ষতিতে বিক্রি করলে = $100x\times\frac{90}{100} = 90x$ টাকা

আবার, দ্বিতীয় ক্ষেত্রে বিক্রয়মূল্য = (90x+54) টাকা

প্রশ্নানুসারে, $(90x+54)-100x = 100x\times\frac{80}{100}$ বা, $54-10x = 8x$

বা, $18x = 54$ বা, $x = \frac{54}{18}$ তাহলে, $x = 3$.

তাহলে ঘড়িটির বিক্রয়মূল্য = 90×3 টাকা = 270 টাকা

**34(A).** 5, 6, 7, 8 ও 9-এর ল.সা.গু = 2520

তাহলে, 5–4 = 1, 6–5 = 1, 7–6 = 1, 8–7 = 1 ও 9–8 = 1.

প্রতিক্ষেত্রে 1 অবশিষ্ট থাকবে।

তাহলে, নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা = 2520–1 = 2519.

**35(B).** 500 টাকার ওপর 40% ছাড় $= 500\times\frac{40}{100}$ টাকা = 200 টাকা

পরপর 36% ও 4% ছাড় হলে, মোট ছাড় $= \left(36+4-\frac{36\times 4}{100}\right)\%$

$= (40-1.44)\% = 38.56\%$. তাহলে, 500 টাকার ওপর 38.56%

ছাড় $= 500\times\frac{38.56}{100}$ টাকা = 192.80 টাকা

তাহলে, নির্ণেয় পার্থক্য = (200192.80) টাকা = 7.20 টাকা

**36(C).** A ও B-এর প্রাপ্য লাভের অনুপাত = 1200×5 : 750×4 = 2 : 1. **37(B).** নির্ণেয় সময়

$= \frac{70+105}{75\times\frac{5}{18}}$ সেকেন্ড $= \frac{175\times 18}{75\times 5}$ সেকেন্ড $= \frac{42}{5}$ সেকেন্ড $= 8\frac{2}{5}$ সেকেন্ড

**38(D).** 12 দিনে কাজটি করতে পারে 24 জন লোক

1 দিনে কাজটি করতে পারে 24×12 জন লোক

8 দিনে কাজটি করতে পারে a জন লোক = 36 জন।

**39(C).** মনে করি, x দিয়ে গুণ করতে হবে— $3\times x = -1$

বা, $x = -\frac{1}{3}$ তাহলে, $x = -\frac{1}{3}$.

**40(B).** $\sqrt{90\div 0.09\times 10} = \sqrt{\frac{90}{0.09}\times 10}$

$= \sqrt{\frac{90\times 100\times 10}{9}} = \sqrt{1000} = 100$

## প্রাইমারির বাংলা মাধ্যমে

১ পাতার পর

জানুয়ারির দ্বিতীয় সপ্তাহ থেকে অর্থাৎ, ১২ জানুয়ারির পর থেকে। এখন সব স্কুলে স্পোর্টস চলায় চলতি সপ্তাহে ইন্টারভিউ নেওয়া সম্ভব হচ্ছে না। চলতি সপ্তাহেই যেকোনো দিন ইন্টারভিউ সংক্রান্ত বিজ্ঞপ্তি বের করবে পর্ষদ। ১৩,৪২১টি শূন্যপদের জন্য প্রায় ৬০ হাজার দরখাস্ত জমা পড়েছে। তবে এর মধ্যে ইন-সার্ভিস টিচারের সংখ্যা কয়েক হাজার।

প্রাথমিক শিক্ষা পর্ষদ সূত্রে খবর, ডেমোনস্ট্রেশন পার্টে প্রার্থীরা ভালো করতে পারছেন না। বেশিরভাগ প্রার্থী ইউটিউব থেকে মুখস্থ করে ডেমো দিচ্ছেন, যা মোটেই কাম্য নয়। তাই ডেমোনস্ট্রেশন পর্বটি প্রার্থীরা ভালো করে শিখে আসবেন ও নিজের মতো করে গুছিয়ে অল্প সময়ের মধ্যে উপস্থাপন করবেন। প্রয়োজনে একাধিক টপিকের ওপর ডেমো তৈরি করে রাখুন।

ইন্টারভিউয়ের দিন নিচের এইসব প্রমাণপত্রের মূল ও স্ব-প্রত্যয়িত (Self Attested) করা জেরক্স কপি সঙ্গে নিয়ে যেতে হবে :

(১) প্রাথমিক শিক্ষা পর্ষদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা ইন্টারভিউয়ের কল লেটার।
(২) ‘টেট’ পাশের ডাউনলোড করা সার্টিফিকেট।
(৩) বয়সের প্রমাণপত্র হিসাবে মাধ্যমিকের অ্যাডমিট কার্ড বা, সার্টিফিকেট।
(৪) মাধ্যমিকের মার্কশীট ও সার্টিফিকেট।
(৫) উচ্চমাধ্যমিক পাশের মার্কশীট ও সার্টিফিকেট।
(৬) ২ বছরের ডি.এল.এড. / ডি.এড. (স্পেশাল এডুকেশন) কিংবা ৪ বছরের বি.এল.এড.’এর মার্কশীট ও সার্টিফিকেট।
(৭) ডিগ্রি কোর্স পাশের মার্কশীট ও সার্টিফিকেট।
(৮) কাস্ট সার্টিফিকেট।
(৯) প্রতিবন্ধী সার্টিফিকেট (যদি থাকে)।
(১০) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দেওয়া সাম্প্রতিক বছরের ই.ডব্লু.এস. সার্টিফিকেট।
(১১) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দেওয়া এক্সেমটেড ক্যাটেগরি সার্টিফিকেট।
(১২) প্রাক্তন সমরকর্মী সার্টিফিকেট।
(১৩) প্যারা টিচারদের বেলায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দেওয়া ‘ফার্স্ট এনগেজমেন্ট লেটার’।
(১৪) প্যারা টিচারদের বেলায় ডি.পি.ও. / এস.ডি.ও.’এর দেওয়া অভিজ্ঞতার সার্টিফিকেট (সার্ভিস কাউন্টিং ও বয়সের ছাড়ের জন্য)।
(১৫) কো-কারিকুলার অ্যাক্টিভিটিজ / এক্সট্রা কারিকুলার অ্যাক্টিভিটিজ হিসাবে যাবতীয় সার্টিফিকেট ও প্রমাণপত্র।
(১৬) ভোটার কার্ড / আধার কার্ড।
(১৭) স্ব-প্রত্যয়িত করা ১ কপি পাশপোর্ট মাপের ফটো।

## ১১০ গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার

১ পাতার পর

প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে ইঞ্জিনিয়ারিং বা, টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। কারা কোন শাখার জন্য যোগ্য :

মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা ‘মেকানিক্যাল’ শাখার জন্য, ইলেক্ট্রিক্যাল বা, পাওয়ার, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা ‘ইলেক্ট্রিক্যাল’ শাখার জন্য, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি বা, অ্যাপ্লায়েড কেমিস্ট্রির এম.টেক. কোর্স পাশরা ‘কেমিক্যাল’ শাখার জন্য যোগ্য। সব ক্ষেত্রে ইঞ্জিনিয়ারিংয়ের ফাইনাল বর্ষের প্রার্থীরাও যোগ্য।

বয়স হতে হবে ২২-১-২০২৬’র হিসাবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা। শূন্যপদ : ১১০টি। এর মধ্যে মেকানিক্যাল ৫৯টি (জেনাঃ ২৬, ই.ডব্লু.এস. ৬, ও.বি.সি. ১৫, তঃউঃজাঃ ৪, তঃজাঃ ৮)। ইলেক্ট্রিক্যাল ২৭টি (জেনাঃ ১২, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৭, তঃউঃজাঃ ২, তঃজাঃ ৩)। কেমিক্যাল ২৪ (জেনাঃ ১২, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৬, তঃউঃজাঃ ১, তঃজাঃ ৩)।

প্রার্থী বাছাই হবে ২০২৫ সালের ‘গেট’ পরীক্ষায় পাওয়া স্কোর দেখে। এরপর হবে ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে, ২২ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.nalcoindia.com এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার ও ‘গেট’ স্কোর স্ক্যান করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর ফটো, সিগনেচার ও অ্যাডমিট কার্ড আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী হলে ১০০) টাকা নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ডে কিংবা এস.বি.আই. কালেক্টে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য ওই ওয়েবসাইটে পাবেন।

# স্কুল সার্ভিস গ্রুপ ‘ডি’



স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ-ডি পদে প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ কেন্দ্রীয় স্কুল সার্ভিস কমিশন। প্রার্থী বাছাইয়ের জন্য ৪৫ নম্বরের পরীক্ষা হবে। এর মধ্যে লিখিত পরীক্ষায় থাকবে ৪০ নম্বর, অভিজ্ঞতা / ওরাল ইন্টারভিউয়ে থাকবে ৫ নম্বর। ৪০ নম্বরের লিখিত পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ২০ নম্বর, (২) লজিক্যাল রিজনিং - ১০ নম্বর, (৩) অ্যারিথমেটিক - ১০ নম্বর। প্রশ্ন হবে বাংলায়। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করলেন চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ বিজয় হালদার।

1. ভূমিকম্পের তীব্রতা মাপা হয় কোনটি দিয়ে?
(A) ব্যারোমিটার (B) হাইগ্রোমিটার (C) পলিগ্রাফ (D) সিসমোগ্রাফ

2. পৃথিবীর সবথেকে গভীরতম হ্রদ কোনটি?
(A) লোহিত সাগর (B) ডাল হ্রদ (C) কাস্পিয়ান সাগর (D) বৈকাল হ্রদ

3. পর্ণমোচী গাছে কী হয়?
(A) গ্রীষ্মে ফুল ঝরে যায় (B) শীতে পাতা ঝরে যায় (C) শীতে ফুল ঝরে যায় (D) শীতে মরে যায়

4. ভারতীয় সংবিধানের মুখ্য স্থপতি কাকে বলা হয়?
(A) বি.এন. রাও (B) ডঃ বি.আর. আম্বেদকর (C) এন. গোপালস্বামী (D) ডঃ রাজেন্দ্র প্রসাদ

5. ‘বিগ-ব্যাং’ থিওরি বিবৃত করে —
(A) ব্রহ্মাণ্ডের সৃষ্টি (B) সূর্যের সৃষ্টি (C) মাধ্যাকর্ষণের সৃষ্টি (D) অনুজীবের সৃষ্টি

6. মশার জৈব নিয়ন্ত্রণে কোনটি ব্যবহৃত হয়?
(A) পুঁটি (B) রুই (C) গাম্বুসিয়া (D) বাটা

7. নীচের কোনটি মানুষের ক্ষেত্রে প্রযোজ্য নয়?
(A) স্বভোজী (B) সর্বভুক (C) পয়ভোজী (D) মাংসাশী

8. কোন স্তন্যপায়ী প্রাণী ডিম পাড়ে?
(A) ডলফিন (B) হংসচঞ্চু (C) তিমি (D) ডুগং

9. ‘রাতকানা’ রোগ হয় কোন ভিটামিনের অভাবে?
(A) ভিটামিন D (B) ভিটামিন C (C) ভিটামিন K (D) ভিটামিন A

10. নীচের কোন রোগটির কারণ ব্যাকটেরিয়ার সংক্রমণ নয়?
(A) আমাশয় (B) টাইফয়েড (C) কলেরা (D) ডিপথেরিয়া

11. কোনটি গ্রিনহাউস গ্যাস নয়?
(A) মিথেন (B) নাইট্রাস অক্সাইড (C) কার্বন-ডাই-অক্সাইড (D) হাইড্রোজেন

12. রাজ্য সরকারের মন্ত্রীরা কার কাছে যৌথভাবে দায়বদ্ধ থাকেন?
(A) রাজ্যপাল (B) মুখ্যমন্ত্রী (C) বিধানসভা (D) অধ্যক্ষ

13. পশ্চিমবঙ্গের কোন জেলায় ‘বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়’ অবস্থিত?
(A) পুরুলিয়া (B) বাঁকুড়া (C) মুর্শিদাবাদ (D) বীরভূম

14. ‘Playing It My Way’ বইটির লেখক কে?
(A) সুনীল গাভাসকর (B) জি.আর. বিশ্বনাথ (C) শচীন তেন্ডুলকর (D) সৌরভ গঙ্গোপাধ্যায়

15. মোহনবাগান ক্লাব ব্রিটিশ দলকে কত সালে হারিয়েছিল?
(A) 1901 সালে (B) 1905 সালে (C) 1910 সালে (D) 1911 সালে

16. ধ্যানচাঁদ কোন খেলার সঙ্গে যুক্ত ছিলেন?
(A) দৌড় (B) ফুটবল (C) কুস্তি (D) হকি

17. ভারতের কোন রাজ্য সরকার ‘গতিধারা’ প্রকল্পটি চালু করেছিল?
(A) ওড়িশা (B) অসম (C) পশ্চিমবঙ্গ (D) মহারাষ্ট্র

18. ‘বেঙ্গল কেমিক্যাল’ কে প্রতিষ্ঠা করেন?
(A) নীলরতন সরকার (B) প্রফুল্লচন্দ্র রায় (C) দ্বারকানাথ ঠাকুর (D) আলামোহন দাস

19. টোফু কিসের থেকে তৈরি হয়?
(A) কোকোয়া (B) সয়াবিন দুধের দই (C) দই (D) কফি

20. নীচের কোনটি পূর্ণভব শক্তি?
(A) সৌর বিদ্যুৎ (B) তাপ বিদ্যুৎ (C) পারমাণবিক বিদ্যুৎ (D) পেট্রোলিয়াম

21. বেমানান শব্দটি চিহ্নিত করুন :
(A) স্ট্রবেরি (B) ব্ল্যাকবেরি (C) গুজবেরি (D) বেরিবেরি

22. উদ্যোগ : সফলতা : :
(A) স্বাস্থ্য : ভিটামিন (B) আরোহণ করা : পাহাড় (C) পড়া : জ্ঞান (D) লেখা : পড়া

23. মেনিনজাইটিস : মস্তিষ্ক : : সিরোসিস : ?
(A) যকৃৎ (B) ফুসফুস (C) হৃৎপিণ্ড (D) মস্তিষ্ক

24. 9 : 82 : : 25 : ?
(A) 621 (B) 576 (C) 626 (D) 627

25. FOG : KTL : : RAT : ?
(A) XFY (B) WGY (C) WFY (D) WFX

26. নীচের কোনটি একটি নির্দিষ্ট প্রস্তাবনা?
(A) রবি স্কুলে যায় (B) সব মানুষ মরণশীল (C) কেউ কেউ আনন্দিত (D) মানুষ শক্তিশালী

27. “কলকাতা হল ভারতের রাজধানী” — এই প্রস্তাবটি হবে
(A) অনির্দিষ্ট (B) সত্য (C) মিথ্যা (D) সম্ভাব্য

28.

| কলাম A (বাক্য) | কলাম B (বাক্যের ধরন) |
|---|---|
| A. সব ফুল সুন্দর। | 1. নির্ধারিত নেতিবাচক |
| B. কিছু পাখি উড়তে পারে। | 2. সর্বজনীন প্রত্যয়োক্তি |
| C. কোনো মাছ স্থলে বাঁচতে পারে না। | 3. নির্ধারিত প্রত্যয়োক্তি |
| D. কিছু ফল পাকা নয়। | 4. সর্বজনীন নেতিবাচক |

(A) A-2, B-3, C-4, D-1 (B) A-3, B-2, C-4, D-1 (C) A-2, B-1, C-3, D-4 (D) A-4, B-3, C-2, D-1

29. রামের দিকে তাকিয়ে রমা বলল, “সে হল আমার কাকার মেয়ের ভাই।” রাম, রমার কে হয়?
(A) কাকা (B) খুড়তুতো ভাই (C) মামা (D) মামাতো ভাই

30.

| কলাম A (দেশ) | কলাম B (রাজধানী) |
|---|---|
| A. চিন | 1. ইয়েন |
| B. মার্কিন যুক্তরাষ্ট্র | 2. ইউয়ান |
| C. কুয়েত | 3. ডলার |
| D. জাপান | 4. দিনার |

(A) A-2, B-4, C-3, D-2 (B) A-2, B-3, C-1, D-4 (C) A-2, B-3, C-4, D-1 (D) A-3, B-2, C-1, D-4

31. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 15% বাড়লে ও প্রস্থ 15% কমলে, ক্ষেত্রফলের শতকরা পরিবর্তন হবে —
(A) $\frac{3}{2}$ % বৃদ্ধি (B) $2\frac{2}{3}$ % হ্রাস (C) $\frac{4}{9}$ % বৃদ্ধি (D) $2\frac{1}{4}$ % হ্রাস

32. 1.7, 0.51 ও 0.153 সংখ্যা তিনটির গ.সা.গু —
(A) 0.17 (B) 1.7 (C) 0.017 (D) 0.0017

33. হরি একটি ঘড়ি 10% ক্ষতিতে বিক্রি করল। যদি সে আরও 54 টাকা বেশিতে বিক্রি করত, তবে 8% লাভ হত। ঘড়িটির বিক্রয়মূল্য কত টাকা?
(A) 290 (B) 300 (C) 350 (D) 270

34. কোন ক্ষুদ্রতম সংখ্যাকে 5, 6, 7, 8 ও 9 দিয়ে ভাগ করলে যথাক্রমে 4, 5, 6, 7 ও 8 ভাগশেষ থাকবে?
(A) 2519 (B) 5039 (C) 1079 (D) 979

35. 500 টাকার ওপর 40% ছাড় ও 500 টাকার ওপর পরপর 36% ও 4% ছাড়ের পার্থক্য হল —
(A) 2 টাকা (B) 7.20 টাকা (C) 5 টাকা (D) 18 টাকা

36. একটি অংশীদারী ব্যবসায় A, 1200 টাকা 5 মাসের জন্য ও B, 750 টাকা 4 মাসের জন্য দেয়। যদি ওই ব্যবসায় 450 টাকা লাভ হয়, তবে A ও B-এর প্রাপ্য লাভের অনুপাত কত?
(A) 3 : 2 (B) 5 : 3 (C) 2 : 1 (D) 4 : 3

37. একটি 70 মিটার লম্বা ট্রেন ঘণ্টায় 75 কিলোমিটার বেগে 105 মিটার লম্বা একটি ব্রিজ পার হতে কত সেকেন্ড সময় নেবে?
(A) $4\frac{1}{5}$ (B) $8\frac{2}{5}$ (C) $5\frac{2}{3}$ (D) $3\frac{1}{2}$

38. 24 জন লোকের একটি পুকুর কাটতে 12 দিন লাগে। তবে কতজন লোক 8 দিনে ওই পুকুর কাটতে পারবে?
(A) 20 জন (B) 40 জন (C) 32 জন (D) 36 জন

39. 3 কে কত দিয়ে গুণ করলে (–1) পাওয়া যাবে?
(A) 1 (B) $\frac{1}{3}$ (C) $-\frac{1}{3}$ (D) $-\frac{1}{2}$

40. $\sqrt{90 \div 0.09 \times 10}$ এর মান কত হবে?
(A) 8100 (B) 100 (C) 1000 (D) 81000

## উত্তর

1(D). 2(D). 3(B). 4(B). 5(A). 6(C). 7(A). 8(B). 9(D). 10(A). 11(D). 12(C). 13(D). 14(C). 15(D). 16(D). 17(C). 18(B). 19(B). 20(A). 21(D). বেরিবেরি একটি রোগ, অন্যগুলি ফুল। 22(C). 23(A). 24(C). 9 = $(9)^2$ = 81+1 = 82, 25 = $(25)^2$ = 625+1 = 626.

25(C).

F O G R A T
+5↓ +5↓ +5↓ +5↓ +5↓ +5↓
K T L W F Y

26(A). রবি স্কুলে যায় — এখানে রবি নামটি নির্দিষ্ট একজন ব্যক্তিকে নির্দেশ করে। তাই এটি একটি নির্দিষ্ট প্রস্তাবনা। 27(C). 28(A). 29(B). রমার কাকার মেয়ে, অর্থাৎ রমার কাকাতো বোন। রমার কাকাতো বোনের ভাই অর্থাৎ রমার খুড়তুতো ভাই। 30(C). 31(D). মনে করি, আয়তক্ষেত্রের দৈর্ঘ্য x একক ও প্রস্থ Y একক।

তাহলে, আয়তক্ষেত্রের ক্ষেত্রফল হ্রাস পাবে = $(x-y) - \frac{x \times y}{100}$ %

$= (15-15) - \frac{15 \times 15}{100}\% = -\frac{225}{100}\% = -2\frac{1}{4}\%$

32(C). $1.7 = \frac{17}{10}$, $0.51 = \frac{51}{100}$, $0.153 = \frac{153}{1000}$

তাহলে, $\frac{17}{10}$, $\frac{51}{100}$ ও $\frac{153}{1000}$ -এর গ.সা.গু

$= \frac{\text{17, 51 ও 153-এর গ.সা.গু}}{\text{10, 100 ও 1000-এর ল.সা.গু}} = \frac{17}{1000} = 0.017$

33(D). মনে করি, ঘড়িটির ক্রয়মূল্য = 100x টাকা।

প্রথম ক্ষেত্রে, ঘড়িটির বিক্রয়মূল্য 10% ক্ষতিতে বিক্রি করলে = $100x \times \frac{90}{100}$ = 90x টাকা

আবার, দ্বিতীয় ক্ষেত্রে বিক্রয়মূল্য = (90x+54) টাকা

প্রশ্নানুসারে, $(90x+54) - 100x = 100x \times \frac{80}{100}$ বা, 54–10x = 8x

বা, 18x = 54 বা, $x = \frac{54}{18}$ তাহলে, x = 3.

তাহলে ঘড়িটির বিক্রয়মূল্য = 90×3 টাকা = 270 টাকা

34(A). 5, 6, 7, 8 ও 9-এর ল.সা.গু = 2520

তাহলে, 5–4 = 1, 6–5 = 1, 7–6 = 1, 8–7 = 1 ও 9–8 = 1.

প্রতিক্ষেত্রে 1 অবশিষ্ট থাকবে।

তাহলে, নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা = 2520–1 = 2519.

35(B). 500 টাকার ওপর 40% ছাড় = $500 \times \frac{40}{100}$ টাকা = 200 টাকা

পরপর 36% ও 4% ছাড় হলে, মোট ছাড় = $\left(36 + 4 - \frac{36 \times 4}{100}\right)\%$

= (40–1.44)% = 38.56%. তাহলে, 500 টাকার ওপর 38.56%

ছাড় = $500 \times \frac{38.56}{100}$ টাকা = 192.80 টাকা

তাহলে, নির্ণেয় পার্থক্য = (200192.80) টাকা = 7.20 টাকা

36(C). A ও B-এর প্রাপ্য লাভের অনুপাত = 1200×5 : 750×4 = 2 : 1. 37(B). নির্ণেয় সময়

$= \frac{70+105}{75 \times \frac{5}{18}}$ সেকেন্ড $= \frac{175 \times 18}{75 \times 5}$ সেকেন্ড $= \frac{42}{5}$ সেকেন্ড $= 8\frac{2}{5}$ সেকেন্ড

38(D). 12 দিনে কাজটি করতে পারে 24 জন লোক

1 দিনে কাজটি করতে পারে 24×12 জন লোক

8 দিনে কাজটি করতে পারে a জন লোক = 36 জন।

39(C). মনে করি, x দিয়ে গুণ করতে হবে— 3×x = –1

বা, $x = -\frac{1}{3}$ তাহলে, $x = -\frac{1}{3}$.

40(B). $\sqrt{90 \div 0.09 \times 10} = \sqrt{\frac{90}{0.09} \times 10}$

$= \sqrt{\frac{90 \times 100 \times 10}{9}} = \sqrt{1000} = 100$

## প্রাইমারির বাংলা মাধ্যমে

১ পাতার পর

জানুয়ারির দ্বিতীয় সপ্তাহ থেকে অর্থাৎ, ১২ জানুয়ারির পর থেকে। এখন সব স্কুলে স্পোর্টস চলায় চলতি সপ্তাহে ইন্টারভিউ নেওয়া সম্ভব হচ্ছে না। চলতি সপ্তাহেই যেকোনো দিন ইন্টারভিউ সংক্রান্ত বিজ্ঞপ্তি বের করবে পর্ষদ। ১৩,৪২১টি শূন্যপদের জন্য প্রায় ৬০ হাজার দরখাস্ত জমা পড়েছে। তবে এর মধ্যে ইন-সার্ভিস টিচারের সংখ্যা কয়েক হাজার।

প্রাথমিক শিক্ষা পর্ষদ সূত্রে খবর, ডেমোনস্ট্রেশন পার্টে প্রার্থীরা ভালো করতে পারছেন না। বেশিরভাগ প্রার্থী ইউটিউব থেকে মুখস্থ করে ডেমো দিচ্ছেন, যা মোটেই কাম্য নয়। তাই ডেমোনস্ট্রেশন পর্বটি প্রার্থীরা ভালো করে শিখে আসবেন ও নিজের মতো করে গুছিয়ে অল্প সময়ের মধ্যে উপস্থাপন করবেন। প্রয়োজনে একাধিক টপিকের ওপর ডেমো তৈরি করে রাখুন।

ইন্টারভিউয়ের দিন নিচের এইসব প্রমাণপত্রের মূল ও স্ব-প্রত্যয়িত (Self Attested) করা জেরক্স কপি সঙ্গে নিয়ে যেতে হবে :

(১) প্রাথমিক শিক্ষা পর্ষদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা ইন্টারভিউয়ের কল লেটার।
(২) ‘টেট’ পাশের ডাউনলোড করা সার্টিফিকেট।
(৩) বয়সের প্রমাণপত্র হিসাবে মাধ্যমিকের অ্যাডমিট কার্ড বা, সার্টিফিকেট।
(৪) মাধ্যমিকের মার্কশীট ও সার্টিফিকেট।
(৫) উচ্চমাধ্যমিক পাশের মার্কশীট ও সার্টিফিকেট।
(৬) ২ বছরের ডি.এল.এড. / ডি.এড. (স্পেশাল এডুকেশন) কিংবা ৪ বছরের বি.এল.এড.’এর মার্কশীট ও সার্টিফিকেট।
(৭) ডিগ্রি কোর্স পাশের মার্কশীট ও সার্টিফিকেট।
(৮) কাস্ট সার্টিফিকেট।
(৯) প্রতিবন্ধী সার্টিফিকেট (যদি থাকে)।
(১০) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দেওয়া সাম্প্রতিক বছরের ই.ডব্লু.এস. সার্টিফিকেট।
(১১) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দেওয়া এক্সেমটেড ক্যাটেগরি সার্টিফিকেট।
(১২) প্রাক্তন সমরকর্মী সার্টিফিকেট।
(১৩) প্যারা টিচারদের বেলায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দেওয়া ‘ফার্স্ট এনগেজমেন্ট লেটার’।
(১৪) প্যারা টিচারদের বেলায় ডি.পি.ও. / এস.ডি.ও.’এর দেওয়া অভিজ্ঞতার সার্টিফিকেট (সার্ভিস কাউন্টিং ও বয়সের ছাড়ের জন্য)।
(১৫) কো-কারিকুলার অ্যাক্টিভিটিজ / এক্সট্রা কারিকুলার অ্যাক্টিভিটিজ হিসাবে যাবতীয় সার্টিফিকেট ও প্রমাণপত্র।
(১৬) ভোটার কার্ড / আধার কার্ড।
(১৭) স্ব-প্রত্যয়িত করা ১ কপি পাশপোর্ট মাপের ফটো।

## ১১০ গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার

১ পাতার পর

প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে ইঞ্জিনিয়ারিং বা, টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। কারা কোন শাখার জন্য যোগ্য :

মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা ‘মেকানিক্যাল’ শাখার জন্য, ইলেক্ট্রিক্যাল বা, পাওয়ার, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা ‘ইলেক্ট্রিক্যাল’ শাখার জন্য, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি বা, অ্যাপ্লায়েড কেমিস্ট্রির এম.টেক. কোর্স পাশরা ‘কেমিক্যাল’ শাখার জন্য যোগ্য। সব ক্ষেত্রে ইঞ্জিনিয়ারিংয়ের ফাইনাল বর্ষের প্রার্থীরাও যোগ্য।

বয়স হতে হবে ২২-১-২০২৬’র হিসাবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা। শূন্যপদ : ১১০টি। এর মধ্যে মেকানিক্যাল ৫৯টি (জেনাঃ ২৬, ই.ডব্লু.এস. ৬, ও.বি.সি. ১৫, তঃউঃজাঃ ৪, তঃজাঃ ৮)। ইলেক্ট্রিক্যাল ২৭টি (জেনাঃ ১২, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৭, তঃউঃজাঃ ২, তঃজাঃ ৩)। কেমিক্যাল ২৪ (জেনাঃ ১২, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৬, তঃউঃজাঃ ১, তঃজাঃ ৩)।

প্রার্থী বাছাই হবে ২০২৫ সালের ‘গেট’ পরীক্ষায় পাওয়া স্কোর দেখে। এরপর হবে ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে, ২২ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.nalcoindia.com এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার ও ‘গেট’ স্কোর স্ক্যান করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর ফটো, সিগনেচার ও অ্যাডমিট কার্ড আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী হলে ১০০) টাকা নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ডে কিংবা এস.বি.আই. কালেক্টে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য ওই ওয়েবসাইটে পাবেন।

# ভারত ইলেক্ট্রনিক্সে ৫১ ট্রেনি ইঞ্জিনিয়ার

নিজস্ব প্রতিনিধি, নয়া দিল্লি : ভারত ইলেক্ট্রনিক্স লিমিটেডের কোটদ্বারা ইউনিট 'ট্রেনি ইঞ্জিনিয়ার-I' ও 'ট্রেনি অফিসার-I' পদে ৫১ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**ট্রেনি ইঞ্জিনিয়ার-I** : নেওয়া হবে এইসব ট্রেডে : ইলেক্ট্রনিক্স, মেকানিক্যাল, সিভিল, ইলেক্ট্রিক্যাল। ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, কমিউনিকেশন অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা 'ইলেক্ট্রনিক্স' শাখার জন্য, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা 'মেকানিক্যাল' শাখার জন্য, সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা 'সিভিল' শাখার জন্য আর ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'ইলেক্ট্রিক্যাল' শাখার জন্য যোগ্য। বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। শুরুতে ১ বছরের জন্য নেওয়া হবে। তবে তার মেয়াদ ৩ বছরের জন্য বাড়ানো হতে পারে। মাইনে প্রথম বছর মাসে ৩০,০০০ টাকা, দ্বিতীয় বছর ৩৫,০০০ টাকা ও তৃতীয় বছর ৪০,০০০ টাকা। শূন্যপদ : ইলেক্ট্রনিক্স ৩০টি (জেনাঃ ১৩, ও.বি.সি. ৮, ই.ডব্লু.এস. ৩, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২)। মেকানিক্যাল ১৭টি (জেনাঃ ৭, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ১)। ইলেক্ট্রিক্যাল ১টি (জেনাঃ)। সিভিল ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)।

**ট্রেনি অফিসার-I** : এম.বি.এ. (ফিনান্স) কিংবা এম.কম. কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। শূন্যপদ : ১টি (তঃজাঃ)।

ওপরের সব ক্ষেত্রে বয়স গুণতে হবে ১-১-২০২৬'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : 21001/HR/KOT/REC/2025-26/04, Date: 01-01-2026.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে ২৫ জানুয়ারি। ৯০ মিনিটের ১০০টি প্রশ্ন হবে টেকনিক্যাল ও জেনারেল অ্যাপ্টিটিউড বিষয়ে। নেগেটিভ মার্কিং আছে। সফল হলে ইন্টারভিউ।

আগ্রহী প্রার্থীরা প্রি-রেজিস্টার্ড করবেন, ১৫ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.bel-india.in তখন যাবতীয় প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ১৭৭ টাকা (তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# রেলে ৩১১ ইন্সপেক্টর

১ পাতার পর

থাকলে আবেদন করতে পারেন। কম্পিউটার ও স্ট্যাটিস্টিক্সে জ্ঞান থাকতে হবে। ইন্ডাস্ট্রিয়াল বা, অর্গানাইজেশন সাইকোলজির স্পেশালাইজেশন থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার B-1. মূল মাইনে : ৩৫,৪০০ টাকা। শূন্যপদ : গোরখপুর রেল রিক্রুট. বোর্ডে ২টি।

**ল্যাব. অ্যাসিস্ট্যান্ট, গ্রেড-III (কেমিস্ট অ্যান্ড মেটালার্জিস্ট)** : ফিজিক্স ও কেমিস্ট্রি নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার B-1. মূল মাইনে : ১৯,৯০০ টাকা। শূন্যপদ : কলকাতা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে পূর্ব রেলে ১টি (তঃউঃজাঃ) ও দক্ষিণ-পূর্ব রেলে ১২টি (জেনাঃ ৫, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। আজমীর রেল রিক্রুট. বোর্ডে ৭টি। ভুবনেশ্বর রেল রিক্রুট. বোর্ডে ৩টি। বিলাসপুর রেল রিক্রুট. বোর্ডে ৩টি। মুম্বই রেল রিক্রুট. বোর্ডে ১৩টি।

**চিফ ল' অ্যাসিস্ট্যান্ট** : আইনের ডিগ্রি কোর্স পাশরা কোনো বারে ৩ বছর ওকালতি করে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার C-1. মূল মাইনে : ৪৪,৯০০ টাকা। শূন্যপদ : কলকাতা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্ক্সে ২টি (জেনাঃ) ও পূর্ব রেলে ৩টি (জেনাঃ)। আজমীর রেল রিক্রুট. বোর্ডে ২টি। বেঙ্গালউরু রেল রিক্রুট. বোর্ডে ২টি। বিলাসপুর রেল রিক্রুট. বোর্ডে ৩টি। চন্ডীগড় রেল রিক্রুট. বোর্ডে ৩টি। গোরখপুর রেল রিক্রুট. বোর্ডে ১টি। গুয়াহাটি রেল রিক্রুট. বোর্ডে ৬টি।

**পাব্লিক প্রসিকিউটর** : আইনের ডিগ্রি কোর্স পাশরা কোনো বারে ৫ বছর ওকালতি করে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার C-1. মূল মাইনে : ৪৪,৯০০ টাকা। শূন্যপদ : ভোপাল রেল রিক্রুট. বোর্ডে ১টি। গুয়াহাটি রেল রিক্রুট. বোর্ডে ২টি। মুম্বই রেল রিক্রুট. বোর্ডে ৪টি।

**সিনিয়র পাবলিসিটি ইন্সপেক্টর**: যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা পাব্লিক রিলেশন্স, অ্যাডভার্টাইজিং, জার্নালিজম, ম্যাস কমিউনিকেশন-এর ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। সংশ্লিষ্ট ফিল্ডে অন্তত ২ বছর কাজ করার অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার C-1. মূল মাইনে : ৩৫,৪০০ টাকা। শূন্যপদ : কলকাতা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্ক্সে ১টি (জেনাঃ) ও পূর্ব রেলে ৩টি (জেনাঃ ২, ও.বি.সি ১), মেট্রো রেলে ১টি (জেনাঃ)। দক্ষিণ-পূর্ব রেলে ১টি (জেনাঃ)। বেঙ্গালউরু রেল রিক্রুট. বোর্ডে ১টি। ভুবনেশ্বর রেল রিক্রুট. বোর্ডে ২টি। বিলাসপুর রেল রিক্রুট. বোর্ডে ১টি। চন্ডীগড় রেল রিক্রুট. বোর্ডে ২টি। চেন্নাই রেল রিক্রুট. বোর্ডে ১টি। গোরখপুর রেল রিক্রুট. বোর্ডে ২টি।

**স্টাফ অ্যান্ড ওয়েলফেয়ার ইন্সপেক্টর**: যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা লেবার, সোশ্যাল ওয়েলফেয়ার, লেবার ল'এর ডিপ্লোমা, পার্সোন্যাল ম্যানেজমেন্টের পোস্ট -গ্র্যাজুয়েট ডিপ্লোমা, এলএল.বি. (লেবার ল), হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কিংবা এম.বি.এ. পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার C-1. মূল মাইনে : ৩৫,৪০০ টাকা। শূন্যপদ : কলকাতা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে পূর্ব রেলে ৩টি (জেনাঃ ২, তঃজাঃ ১) ও দক্ষিণ-পূর্ব রেলে ২টি (জেনাঃ ১, ই.ডব্লু.এস. ১)। আহমেদাবাদ রেল রিক্রুট. বোর্ডে ২টি। আজমীর রেল রিক্রুট. বোর্ডে ২টি। বেঙ্গালউরু রেল রিক্রুট. বোর্ডে ২টি। চেন্নাই রেল রিক্রুট. বোর্ডে ৭টি। গোরখপুর রেল রিক্রুট. বোর্ডে ৩টি। গুয়াহাটি রেল রিক্রুট. বোর্ডে ১টি। মুম্বাই রেল রিক্রুট. বোর্ডে ২টি।

**জুনিয়র ট্রান্সলেটর (হিন্দি)** : হিন্দি বা, ইংরিজি বিষয়ের মাস্টার ডিগ্রি কোর্স পাশরা ইংরিজি বা, হিন্দি আবশ্যিক বিষয় হিসাবে থাকলে যোগ্য। হিন্দি থেকে ইংরিজি ট্রান্সলেশনের সার্টিফিকেট বা, ডিপ্লোমা কোর্স পাশ হতে হবে আর ২ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে। দৃষ্টিশক্তি দরকার C-1. মূল মাইনে : ৩৫,৪০০ টাকা। শূন্যপদ : কলকাতা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্ক্সে ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১) ও দক্ষিণ-পূর্ব রেলে ১২টি (জেনাঃ ৪, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। আজমীর রেল রিক্রুট. বোর্ডে ৯টি। বেঙ্গালউরু রেল রিক্রুট. বোর্ডে ৪টি। ভোপাল রেল রিক্রুট. বোর্ডে ১০টি। ভুবনেশ্বর রেল রিক্রুট. বোর্ডে ৭টি। বিলাসপুর রেল রিক্রুট. বোর্ডে ৬টি। চন্ডীগড় রেল রিক্রুট. বোর্ডে ২৬টি। চেন্নাই রেল রিক্রুট. বোর্ডে ১৯টি। গোরখপুর রেল রিক্রুট. বোর্ডে ১৫টি। গুয়াহাটি রেল রিক্রুট. বোর্ডে ১০টি। মুম্বাই রেল রিক্রুট. বোর্ডে ৫১টি। পটনা রেল রিক্রুট. বোর্ডে ১৫টি। প্রয়াগরাজ রেল রিক্রুট. বোর্ডে ১৫টি।

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ১-১-২০২৬'র হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি'রা ৩ বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করলে ৩৫ (তপশিলী হলে ৪০, ও.বি.সি. হলে ৩৮) বছর বয়স পর্যন্ত, প্রতিবন্ধী আর রেলের কর্মী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

**প্রার্থী বাছাই পরীক্ষা** : সব রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায়ই প্রার্থী বাছাইয়ের লিখিত পরীক্ষা হবে। লিখিত পরীক্ষায় ২ ঘন্টার ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। এইসব বিষয়ে : (১) প্রফেশনাল এবিলিটি-৫০ নম্বর, (২) জেনারেল অ্যাওয়ারনেস -১৫ নম্বর, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ১৫ নম্বর, (৪) অঙ্ক - ১০ নম্বর, (৫) জেনারেল সায়েন্স -১০ নম্বর। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের স্থানীয় ভাষায়, ইংরিজি, হিন্দি ও উর্দুতে। কলকাতা রেল রিক্রুট. বোর্ডের পরীক্ষায় প্রশ্ন হবে বাংলায়।

নেগেটিভ মার্কিং আছে। প্রতি ৩টি ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর বাদ যাবে। সবশেষে হবে সার্টিফিকেট ভেরিফিকেশন আর ডাক্তারি পরীক্ষা। এই পদের Centralised Employment Notice No. 08/2025.

দরখাস্ত করবেন অনলাইনে, ২৯ জানুয়ারি পর্যন্ত। যিনি যে রেলওয়ে রিক্রুটমেন্ট সেলে দরখাস্ত করতে চান, সেই রেলওয়ে রিক্রুটমেন্ট সেলের ওয়েবসাইটে দরখাস্ত করবেন। এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো (২০-৫০ কেবির মধ্যে) ও সিগনেচার (১০-৪০ কেবির মধ্যে) আর তপশিলীদের বেলায় কাস্ট সার্টিফিকেট (৫০-১০০ কেবির মধ্যে) স্ক্যান করে নেবেন জে.পি.ই.জি. ফর্ম্যাটে।

এবার সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে। তারপর ফটো, সিগনেচার, কাস্ট সার্টিফিকেট আপলোড করবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, প্রতিবন্ধী, মহিলা, প্রাক্তন সমরকর্মী, সংখ্যালঘু, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীদের বেলায় ২৫০) টাকা অনলাইনে বা, অফলাইনে জমা দেবেন। অনলাইনে জমা দিতে চাইলে টাকা দেবেন ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, ইউ.পি.আই. বা, নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

সাধারণ প্রার্থীরা প্রথম পর্যায়ের পরীক্ষা দিয়ে থাকলে ৪০০ টাকা আর তপশিলী, প্রাক্তন সমরকর্মী, প্রতিবন্ধী, মহিলা, সংখ্যালঘু বা, অর্থনৈতিকভাবে দুর্বল প্রার্থীরা ২৫০ টাকা ফেরৎ পাবেন।

অর্থনৈতিকভাবে দুর্বল অনগ্রসর প্রার্থী বলতে বোঝানো হয়েছে, যাঁদের পারিবারিক বার্ষিক আয় ৫০,০০০ টাকার মধ্যে। এইসব প্রার্থীরা পরীক্ষা ফী'তে ছাড় নিলে ডকুমেন্ট ভেরিফিকেশনের সময় ইনকাম সার্টিফিকেট (অ্যানেক্সার-III) দেখাতে হবে।

**কোন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় কোন ওয়েবসাইটে দরখাস্ত করবেন** : কলকাতা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbkolkata.gov.in, মালদহ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmalda.gov.in, শিলিগুড়ি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbsiliguri.gov.in, রাঁচি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbranchi.gov.in, পটনা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbpatna.gov.in, গুয়াহাটি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbguwahati.gov.in, আহমেদাবাদ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbahmedabad.gov.in, আজমীর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbajmer.gov.in, বেঙ্গালউরু রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbnc.gov.in, ভোপাল রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbhopal.gov.in, ভুবনেশ্বর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbbs.gov.in, বিলাসপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbilaspur.gov.in, চণ্ডীগড় রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbcdg.gov.in, চেন্নাই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbchennai.gov.in, গোরক্ষপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbgkp.gov.in, জম্মু-শ্রীনগর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbjammu.nic.in, মুম্বই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmumbai.gov.in, মজঃফরপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmuzaffarpur.gov.in, সেকেন্দ্রাবাদ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbsecunderabad.gov.in, তিরুবনন্তপুরম রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbthiruvananthapuram.gov.in. প্রয়াগরাজ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbald.gov.in

# সাধারণ জ্ঞান

## সাধারণ বিজ্ঞান

১। আন্ধ্রা প্রদেশের শ্রীহরিকোটায় আরও একটি লঞ্চ প্যাড তৈরি করছে 'ইসরো'। এটি ইসরোর কততম লঞ্চ প্যাড — তৃতীয়।

২। সিনেমা হলের দেওয়ালে রবারের প্যাড লাগানো থাকে কেন — শব্দের অনুরণন কমানোর জন্য।

৩। উড়োজাহাজের উত্থান কোন নীতির ওপর নির্ভর করে — বারনৌলির নীতি।

৪। কোন যৌগের উপস্থিতিতে তৈলচিত্রের রং কালো হয় — কার্বন ডাইসালফাইড (ফর্মুলা : $CS_2$)।

৫। কোন গ্যাস উচ্চ চাপে বেশি তাপমাত্রায় উত্তপ্ত করলে মোমের মতো কঠিন পদার্থ পাওয়া যায় — ইথিলিন (ফর্মুলা : $C_2H_4$)।

৬। মানুষের চোখের কোন কোশ রাত্রিকালীন দৃষ্টিতে সাহায্য করে — রড কোশ।

৭। একটি গাছের আনুমানিক বয়স জানা যায় কীভাবে — কাণ্ডের বার্ষিক বলয় গণনা করে।

৮। যন্ত্রের মাধ্যমে, সুস্থ মানুষের দেহ থেকে রোগীর শরীরে রক্ত সঞ্চালন করার প্রক্রিয়া প্রথম কবে শুরু হয় — ১৮১৮ সালে।

## ইতিহাস

৯। অশোকের শিলালিপি অনুসারে, কোন স্থানটিকে করমুক্ত ঘোষণা করা হয়েছিল ও শুধুমাত্র ১/৮ ভাগকে করযোগ্য হিসাবে ঘোষণা করা হয়েছিল — লুম্বিনী।

১০। প্রথম জৈন পরিষদ কোথায় অনুষ্ঠিত হয় — পাটলিপুত্র (৩০০ খ্রিস্টপূর্বাব্দে)।

১১। কর্ণাটকের কোন শহর বিজয়নগর সাম্রাজ্যের স্মৃতিস্তম্ভের জন্য সবথেকে বিখ্যাত — হাম্পি।

১২। গজনীর মাহমুদের সময় কোন মুসলিম পণ্ডিত ভারতে এসেছিলেন — আল-বেরুনী।

১৩। কলকাতা বিশ্ববিদ্যালয় কমিশন, যা 'স্যাডলার কমিশন' নামেও পরিচিত। এটি কোন সালে প্রতিষ্ঠিত হয় — ১৯১৭ (এর চেয়ারম্যান স্যার মাইকেল স্যাডলার'এর নামানুসারে এটির নাম রাখা হয়েছিল)।

১৪। আল্লুরি সীতারাম রাজু ভারতের কোন রাজ্যের আদিবাসী স্বাধীনতা সংগ্রামী ছিলেন — আন্ধ্রা প্রদেশ।

১৫। কার অধীনে ১৮ শতকে বাংলা ধীরে ধীরে মোগল নিয়ন্ত্রণ থেকে বিচ্ছিন্ন হয় — মুর্শিদকুলী খান।

১৬। 'অনুব্রত'এর ধারণা কোন ধর্মের পক্ষ থেকে সমর্থন করা হয়েছিল — জৈন ('অনুব্রত' ছিল জৈন ধর্মের ৫টি প্রধান শিক্ষা — অহিংসা, অসতেয়, অপরিগ্রহ, সত্য ও ব্রহ্মচর্য)

## ভূগোল

১৭। কোন রাজ্যের 'পার্বতী-আর্গা পক্ষী অভয়ারণ্য'কে সম্প্রতি একটি পরিবেশগতভাবে সংবেদনশীল অঞ্চল হিসাবে ঘোষণা করা হয়েছে — উত্তর প্রদেশ।

১৮। 'অমরাবতী জলাধার' ভারতের কোন জাতীয় উদ্যানে অবস্থিত — ইন্দিরা গান্ধী বন্যপ্রাণী অভয়ারণ্য ও জাতীয় উদ্যান (তামিলনাড়ুতে অবস্থিত)।

১৯। 'মহাত্মা গান্ধী সেতু' কোন নদীর তীরে অবস্থিত — গঙ্গা (এই সেতুটি দক্ষিণে পটনাকে, বিহারের উত্তরে হাজিপুরের সঙ্গে সংযুক্ত করে)।

২০। ভারতের প্রথম কৃষি বিশ্ববিদ্যালয় কোথায় প্রতিষ্ঠিত হয়েছিল — উত্তরাখণ্ডের পান্তনগর (ভারতের প্রথম কৃষি বিশ্ববিদ্যালয় 'জি.বি.পান্ত ইউনিভার্সিটি অফ অ্যাগ্রিকালচার অ্যান্ড টেকনোলজি' ১৯৬০ সালে প্রতিষ্ঠিত হয়)।

২১। গারো পাহাড় ভারতের কোন রাজ্যের একটি অংশ — মেঘালয়।

২২। ভারতের বৃহত্তম মিঠে জলের হ্রদ কোনটি — উলার হ্রদ (জম্মু ও কাশ্মীরের বান্দিপোরা জেলায় অবস্থিত এই হ্রদের আকার ঋতু অনুসারে ১২ থেকে ১০০ বর্গ মাইল পর্যন্ত পরিবর্তিত হয়)।

২৩। 'পাট্টিসীমা' প্রকল্পটি কোন নদীর সংহতির সঙ্গে সম্পর্কিত — কৃষ্ণা ও গোদাবরী।

২৪। ভারতের প্রথম উপকূল-ভিত্তিক, আধুনিক, সমন্বিত ইস্পাত কারখানা কোনটি — বিশাখাপত্তনম।

## সাম্প্রতিক ঘটনা

২৫। কোন দিনটিকে 'নতুন বাংলাদেশ দিবস' হিসাবে ঘোষণা করল বাংলাদেশ সরকার — ৮ আগস্ট (ছাত্র আর জনতার গণ-অভ্যুত্থানে আওয়ামী লিগ সরকার পতনের পর, এই দিনটিতে বাংলাদেশে ড.মুহাম্মদ ইউনুস'এর নেতৃত্বে অন্তর্বর্তী সরকার গঠিত হয়)।

২৬। কোন রাজ্যে প্রথম পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের অনুমোদন দিল কেন্দ্রীয় সরকার — বিহার।

২৭। কোথায় প্রথম এআই-ভিত্তিক অ্যাডভান্সড ট্র্যাফিক ম্যানেজমেন্ট সিস্টেম চালু করল ভারত — দিল্লির 'দ্বারকা এক্সপ্রেসওয়ে (অ্যাডভান্সড ট্র্যাফিক ম্যানেজমেন্ট সিস্টেম হল একগুচ্ছ স্মার্ট প্রযুক্তি, যা রাস্তায় ট্র্যাফিক দক্ষতা, নিরাপত্তা আর নির্ভরযোগ্যতা উন্নত করার জন্য তৈরি করা হয়েছে)।

২৮। ভারতের বিদেশি গোয়েন্দা সংস্থা 'রিসার্চ অ্যান্ড অ্যানালাইসিস উইং' এর



প্রধান এখন কে — পরাগ জৈন।

২৯। কোথায় দেশের প্রথম বন্যপ্রাণী ওভারপাস করিডোর তৈরি করল 'ন্যাশনাল হাইওয়েজ অথরিটি অফ ইন্ডিয়া' — দিল্লি-মুম্বই এক্সপ্রেসওয়ে।

৩০। আদিবাসী কল্যাণ নীতি আর বাস্তব বাস্তবায়নের মধ্যে ব্যবধান পূরণের জন্য কোন কেন্দ্রীয় মন্ত্রক 'আদি কর্মযোগী' কর্মসূচি চালু করেছে — কেন্দ্রীয় আদিবাসী বিষয়ক মন্ত্রক।

সঙ্কলক : পলি দেওয়ান

## রাজ্য পুলিশে ১০ হাজার

১ পাতার পর

গার্ডরাও নিয়মানুযায়ী ছাড় পাবেন। প্রার্থী বাছাইয়ের জন্য ৮৫ নম্বরের একটিই লিখিত পরীক্ষা হবে। সফল হলে শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা। তারপর হবে ইন্টারভিউ।


### পশ্চিমবঙ্গ তপশিলী জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণী উন্নয়ন ও বিত্ত নিগম

(পশ্চিমবঙ্গ সরকারের অধীন একটি সংস্থা)

সি. এফ ২২৭/এ/২, সেক্টর-১ সল্টলেক - ৭০০০৬৪

পশ্চিমবঙ্গ তপশিলী জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেনী উন্নয়ন ও বিত্ত নিগমের আর্থিক সহযোগিতায় তপশিলী জাতি যুবক/যুবতীদের কর্ম সংস্থান ও স্বনির্ভরতার জন্য বিনা ব্যয়ে অনাবাসিক কর্মদক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ কর্মসূচি, আবেদন করতে পারেন নিম্নলিখিত কোর্সে। যে সকল তপশিলী জাতি (SC) যুবক-যুবতীর বয়স ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে এবং যাদের পারিবারিক বার্ষিক আয় সর্বাধিক ৩ লক্ষ টাকার মধ্যে তারা কর্মসংস্থান ও স্বনির্ভরতার লক্ষ্যে বিনা ব্যয়ে অনাবাসিক প্রশিক্ষণের সুযোগ নিতে পারেন।

| Course Name | Eligibility | District & Training Centre Address | Contact No. |
|---|---|---|---|
| Handheld Devices (Mobile & Accessories) Technician (TEL/Q2201) Seat Available : 120 | 10th Pass | NADIA Shubham Lodge Building, Gachha Bazar, Post Office Gachha, PS Dhublia, Nadia 741154. | 7602707070 |

প্রয়োজনীয় কাগজ পত্র (Documents)

জাতিগত শংসা পত্র বা কাস্ট সার্টিফিকেট এর প্রমান পত্র (Caste Certificate), জন্মের তারিখের প্রমান পত্র। (Birth Certificate or Madhyamik Admit Card), পাসপোর্ট ফোটো ৩ কপি (Passport Photo 3 copy)

বিস্তারিত জানার জন্য, উপরে উল্লিখিত নম্বরগুলিতে যোগাযোগ করুন।
আবেদনের শেষ তারিখ: 12 January 2026

প্রশিক্ষণ প্রদানকারী সংস্থা

Telecom Sector Skill Council

প্রশিক্ষণ দাতা: Telecom Sector Skill Council (TSSC) Estel House, 3rd Floor, Plot No.- 126, Sector-44, Gurugram, Haryana-122033, Website: www.tscindia.com


পশ্চিমবঙ্গ পুলিশে ২০২৪ সালের কনস্টেবল পদের যে লিখিত পরীক্ষা এবছর ৩০ নভেম্বর হয়েছিল, তার ফল বেরিয়েছে। সফলদের রোল নম্বরের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.wbpolice.gov.in ১১,৭৪৯টি শূন্যপদের জন্য ৬০,১৭০ জন প্রার্থীকে শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষার জন্য ডাকা হয়েছে। সফলদের শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা শুরু হচ্ছে ৮ জানুয়ারি থেকে। কোন জেলার প্রার্থীদের কবে থেকে শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে তা ওয়েবসাইটে পাবেন। **শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে** ছেলেদের বেলায় ৬ মিনিট ৩০ সেকেন্ডে ১,৬০০ মিটার আর মেয়েদের বেলায় ৪ মিনিটে ৮০০ মিটার দৌড়, রূপান্তরকামীদের বেলায় ৩ মিনিট ৩০ সেকেন্ডে ৮০০ মিটার দৌড়। দৌড়ে একবারই সুযোগ পাবেন। দৌড়ের সময় রেডিও ফ্রিকোয়েন্সি আইডেন্টিফিকেশন ডিভাইসের সাহায্য নেওয়া হবে।

লিখিত পরীক্ষায় কাট অফ নম্বর হয়েছে ছেলেদের বেলায় — জেনারেল প্রার্থীদের ক্ষেত্রে ৪৮.৫০, জেনারেল (ই.সি., এন.ভি.এফ., হোম গার্ড, প্রাক্তন সমরকর্মী, সি.ভি/ভি.পি.ভি, মেধাবী খেলোয়াড়) ৪২, ই.ডব্লু.এস. ২৮, ই.ডব্লু.এস. (ই.সি.) ২১.৫০, ই.ডব্লু.এস. (তঃজাঃ) ৩৯.২৫, তপশিলী জাতি (ই.সি., এন.ভি.এফ, হোম গার্ড, প্রাঃসঃকঃ, সি.ভি / ভি.পি.ভি) ৩২.৭৫, তপশিলী উপজাতি ৩২.৫০, তপশিলী উপজাতি (ই.সি., এন.ভি.এফ, হোম গার্ড, প্রাঃসঃকঃ, সি.ভি / ভি.পি.ভি) ২৬, ও.বি.সি.-এ ক্যাটেগরি ৪১.৫০, ও.বি.সি.-এ ক্যাটেগরি (ই.সি., এন.ভি.এফ, হোম গার্ড, প্রাঃসঃকঃ, সি.ভি / ভি.পি.ভি) ৩৫, ও.বি.সি.-বি ৪১.২৫, ও.বি.সি.-বি ক্যাটেগরি (ই.সি., এন.ভি.এফ, হোম গার্ড, সি.ভি / ভি.পি.ভি) ৩৪.৭৫।

মেয়েদের বেলায় — জেনারেল প্রার্থীদের ক্ষেত্রে ৩৬, জেনারেল (ই.সি., এন.ভি.এফ., হোম গার্ড, প্রাক্তন সমরকর্মী, সি.ভি/ভি.পি.ভি, মেধাবী খেলোয়াড়) ২৯.৫, ই.ডব্লু.এস. ১২, ই.ডব্লু.এস. (ই.সি.) ১০, ই.ডব্লু.এস. (তঃজাঃ) ২৬.২৫, তপশিলী জাতি (ই.সি., এন.ভি.এফ, হোম গার্ড, প্রাঃসঃকঃ, সি.ভি / ভি.পি.ভি) ১৯.৭৫, তপশিলী উপজাতি ২৭.২৫, তপশিলী উপজাতি (ই.সি., এন.ভি.এফ, হোম গার্ড, সি.ভি / ভি.পি.ভি) ২০.৭৫, ও.বি.সি.-এ ক্যাটেগরি ২৪.৭৫, ও.বি.সি.-এ ক্যাটেগরি (ই.সি., এন.ভি.এফ, হোম গার্ড, সি.ভি / ভি.পি.ভি) ১৮.২৫, ও.বি.সি.-বি ২৭, ও.বি.সি.-বি ক্যাটেগরি (ই.সি., এন.ভি.এফ, হোম গার্ড, সি.ভি / ভি.পি.ভি) ২১.২৫।

অন্যদিকে, ২০২৪ সালের কলকাতা পুলিশের কনস্টেবল পদের যে প্রিলিমিনারি পরীক্ষা গত বছর ২১ ডিসেম্বর হল, তার ফল এ মাসের শেষের দিকে বেরোবে। শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে জানুয়ারির শেষে কিংবা ফেব্রুয়ারির প্রথমে।

## রাজ্য কারিগরি দফতরে

১ পাতার পর

ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড পাবেন।
প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে।
দরখাস্ত করবেন অনলাইনে, ১৭ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে – https://polytechnic.wbtetsd.gov.in/apprenticeship এজন্য পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার স্ক্যান করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।


ADMISSION OPEN FOR JOB ORIENTED COURSES

SRIMATI TECHNO INSTITUTE
INDUSTRIAL TRAINING & MENTORING
AN ISO:9001-2015 CERTIFIED INSTITUTE

@ 9230076099 | 9230062679
114/2A, Hazra Rd, Nr. Kalighat Fire Brigade, Kol -26

ITI Courses
- Electrician • Fitter • Welder
- Refrigeration & AC Mechanic
- Automobile Mechanic

Beauty & Wellness
- Beautician ( Skin & Hair)
- Professional Make-up
- Bridal Make-up

Safety Management Courses
- Diploma in Fire & Safety Mgmt.
- Adv. Diploma in Fire & Safety Mgmt.
- B.sc(Fire & Industrial Safety) 3Yrs
- B.Sc. Hons in (Fire & Industrial Safety) 4Yrs

Placement Assistance

Short Term Courses
- Mobile & Smart Phone Tech.
- CCTV Technician

IT Courses
- Computer Hardware & Net.
- AutoCAD • FA with GST(Tally Prime)
- DTP • 3Ds Max with V-Ray
- Web Technology
- Audio & Video Editing
- Office Management

Art & Design Courses
- Fashion Design & Tech.
- Interior Design (AutoCAD, 3Ds Max with V-Ray)
- Animation & Multimedia

SRIMATI'S HIGHLIGHTS
Flexible Timing • Railway Concession • Trade wise Workshop • Simulation training • Audio visuals session • Periodic Assessments • Mock Interview Session • Wi-fi Campus • Seminar & Fashion Show • Internship • Placement Assistance

BRANCHES Open — BARUIPUR | 92300 62678
9:00AM To 8:00PM (Mon to Saturday)
Follow us | www.srimatitechno.org



এবছর H.S. পরীক্ষা দেবে নাকি ডিগ্রি কোর্স পড়ছ ?

ভাবছ কোন বিষয় নিয়ে পড়লে কয়েক বছরের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেই ?

চাকরির চাহিদা অনুযায়ী কোন প্রফেশনাল কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়ব ?

এসব জানাতেই হচ্ছে কর্মসংস্থান ও Appointment & Career News আয়োজিত

থাকছে ফ্রি টিফিন

# কেরিয়ার ফেয়ার

১৬ ও ১৭ জানুয়ারি, ২০২৬ (শুক্রবার ও শনিবার)

স্থানঃ পি.কে. প্যালেস, কাঁথি সেন্ট্রল বাস স্ট্যান্ড, অঞ্জলি জুয়েলার্সের পাশে, কাঁথি, পূর্ব মেদিনীপুর



ncsm
NATIONAL COMPUTER SAKSHARTA MISSION

বিনামূল্যে প্রবেশ করতে ফোন করুন : 6291684943


Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com